

## ম্বস-ক্ৰিল।

ক†ব্য।

323/

প্রথম খণ্ড।

ঐৰুক্মিণীকান্ত ঠাকুর

প্রণীত

গ্রীগোলোকচন্দ্র সেন কর্তৃক

প্রকাশিত।



কলিকাতা।

জি, দি, বস্থ এণ্ড কোং কর্তৃক বছবাজার ষ্ট্রীট ৩০৯ নং ভবনে বস্থ প্রেসে মুদ্রিত।

भकाका १४५०।





# সূচীপত্র।

বিষয়।										भृष्टा ।
আগমনী		•••		•••		•••				>
ছিন্ন-লতিকা			•••		•••		•••		•••	20
গরল উচ্ছাুুুুুুুুুুুুুুুুুুুুুুু		<b>.</b> •		•••		•••				৩২
একাকিনী	•••		•••		•••		•••			৩৭
মহা-নিদ্রা		•••		•••		•••				8२
বসন্ত-পঞ্চমী	•••		•••						•••	<b>@ o</b>
জীবন-প্রবাহ				•••		• • •		•••		৫৬
হিমাদ্রি- <b>শে</b> থরে									•••	৬৽
ऋ्थ-ऋभॄ						•••		•••		<b>७</b> 8
আৰ্য্য-প্ৰদীপ	•••		•••		•••					৬৭
⁄সেই কথা•ু		•••				•••		•••		92
কমলা	•••		•••				•••		•••	৭৬
উन्नामिनी		•••						•••		b२
শ্ৰশান-বালা	•••									<b>৮</b> ৫
						•••		•••		৯২
বজ্ঞাঘাত			•••		•••		•••			৯৪
বঙ্গ-বালা		•••		•••		•••				>00
যোগীবর	•••				•••		•••		•••	<b>५</b> ०२
দাগর সঙ্গমে		•••		•••						209
ভেরী			•••				•••		•••	225
কেন অশ্রুপাত						•••				229
আশ্চৰ্য্য দৰ্শন										252
কি করি										
1 1 1.14						•••				244





## মানস-কানন।

### প্রথম খণ্ড।

#### আগমনী।

(5)

( আরম্ভ )

প্রভাত যামিনী ভারত-গগনে,—
হাদি হাদি অই—পূরব তোরণে,
কাঞ্চন-মালিনী-উষা বিনোদিনী,—
(শ্যামান্ত্র্ধি হৃদে স্বর্ণ-তরঙ্গিণী)
হ'ল বিভাদিত ? প্রমোদ ভরে !

ফুটিল মল্লিকা,—ফুটিল কমল,—

ফৃথিকার বীথি—অমল ধবল !

কুস্থম স্থবাস করিয়ে হরণ,

বহিল মৃত্যুল প্রভাত পবন ;—

ছুটিল ভ্রমর আসব-তরে!









(শাখা)

মাতিল জগত নবীন আমোদে,—
মাতিল ভারত প্রীতির প্রমোদে!
স্থথের সলিলে ভাসিল সবে!
স্বরগ মরত করিয়ে মোহিত,
নিসর্গ-ত্রিতন্ত্রী হইল বাদিত,
শরদাগমনে,—শারদা সম্ভাবে,—
মধুর স্থতানে!—মনের উল্লাসে!—
ভরিল ভুবন আনন্দ রবে!

(উচ্ছাস)

পুলকে ভূলোক মোহিত এখন!
পাইল ভারত নবীন জীবন!
ভারত-গগনে নবীন তপন
নবীন দরশ!—নবীন কিরণ!
নবীন সরসে নব কমলিনী
নবীন বিভাস!—মানস-নোদিনী!
আঁধার কুটীর-উজল রতন
উমার বদন—উদিত এখন!
ভূলিল ভারত দাসত্ব বন্ধন,
নির্থি শারদা-অমল আনন!
শরত-তুন্ধুভি শারদ-গগনে

বাজিল সঘন আনন্দ নিক্কনে!







(২)

( আরম্ভ )

গা তোল মেনকা !—উঠ গিরিরাজ !
ঘরে এল তারা,—হারানিধি আ'জ !
গজেন্দ্র গামিনী,—গণেন্দ্রে জননী,—
ভব-মনোরমা,—ভুবন মোহিনী
দাঁড়ায়ে তুয়ারে!—দেখনা চেয়ে!

আদরে বদন করিয়ে চুম্বন,
লও তুলি কোলে হৃদয়ের ধন!
মুছাও উমার বিমল বদন
অমল অম্বরে!—কর বিলোকন
জগতে জগত-জননী মেয়ে!

(神和)

উঠ গিরিরাজ ! গিরিজা তোমার গৃহে এল,—চেয়ে দেখ একবার, যাপিয়ে বরষ পিনাকী বাসে !

দক্ষিণে গণেশ, বামে ষড়ানন, মহিষ মর্দ্দিনী.—প্রফুল্ল আনন! হের নগেশ্বর!—উঠ গিরিরাণি! কোলে এল তব কোলের ঈশালী,

তুষিতে তোমায় মধুর ভাষে!





#### (উচ্ছু † দ )

বিশাল ভারত শিরস শোভন
হিম গিরিবর!—কেন অচেতন ?
মেলিয়ে নয়ন কর বিলোকন
উমার বদন!—ঘূচিবে বেদন;—
জুড়াবে তাপিত পাষাণ জীবন;—
শীতল হইবে হৃদয় পাবন!
—চেয়ে গিরিরাণি দেখ একবার,
স্থধাংশু গঞ্জন আনন উমার!
কে বলে ঈশানী ভিকারী ভামিনী?
রাজ রাজেশ্বরী তোমার নন্দিনী,
দেখ গিরিজায়া! লও তুলি কোলে
তুষিয়ে বালায় স্থমধুর বোলে!

(9)

( আরম্ভ )

"এলি কিরে উমা !—ছ্থিনী জীবন !—"
বলি গিরি রাণী ছুটিলা তথন।
বিহুবলা মহিষী—উন্মাদিনী বেশ,
পাংশু বিজড়িত—এলোলিত কেশ;
যুগল লোচনে যুগল ধারা!
"এলি কিরে উমা!— হৃদয় রতন!—"
বলি গিরিজায়া ডাকে ঘন ঘন!





কোথা মা আমার — পাষাণী-জীবন! আয় করি কোলে জুড়াই জীবন! আয় আয় তারা! – নয়ন তারা!

\* \* \*

আজি এ পাষাণ হৃদয় চিরিয়ে
দেখাবে পাষাণী;—দেখ নির্থিয়ে
পাষাণ ত্নয়া!—না সরে বাণী!

যাতনার কত জ্বলন্ত অনল,—
কত বা অনল-প্রবাহ-তরল
ব্যাপিত হৃদয়!—কর বিলোকন!
কতযে কালের কুঠার দংশন
সহে দিবানিশি—নগেশ রাণী।

"আয় আয় উমা !— তুথিনীর ধন !
আয় কোলে করি জুড়াই জীবন !
মা বলে কি উমা মা তোর অন্তরে
হয় না স্মরণ—তিলেকের তরে ?
পথ নির্থিয়ে থাকে অভাগিনী
একটা বরষ !—জানত ঈশানি !
জানত মা তোর অচলা—অভয়া !
ভুলে যাও কিরে পাষাণ তনয়া ?
'মা' বলে পাষাণী জীবন শীতল







কে করিবে উমা ! তুই বিনে বল ? কে আছে মা তোর মায়ের এমন ? ডাক মা !— 'মা' বলে, জু'ড়াক জীবন ! (৪)

"বর্ষ দিন উমা দেখিনি তোমায়, তারা হারা হয়ে তারাহারা প্রায় ছিলেম তারিণি!—আয় কোলে আয়! ডাক মা 'মা' ব'লে অভাগিনী মায়!

> জীবনের ধন—নয়ন মণি ! বিয়ে বলি চফেছে স্মরণ

এতদিনে বুঝি হয়েছে স্মরণ
মা ব'লে ঈশানি !—ছখিনী-জীবন !
আজি মেনকার আনন্দ অপার,
আয় কোলে তারা জীবনের হার !

খনি ধর-ছদি মাণিক-খনি !

ঘেমেছে মাতোর অমলআনন, কনক কমলে মুকুতা মতন !

—আয় মা! আঁচলে মূছায়ে দেই।
বহুদিন হতে নাইরে সে স্থথ;—
আয় হুদি পরে রাখিয়ে ও মূখ,
মূছায়ে আঁচলে, চুদ্বি ঘন ঘন,
জুড়াই আজিকে তাপিত জীবন!—

হেন স্থুখ উমা জগতে নেই!



(উচ্ছাদ)

"আয় আয় উমা—হৃদয়ের ধন!
আয় হৃদে—হৃদি জুড়া'ন রতন!
আয় কোলে—কোল উজল মাণিক!
মা'র কোলে উমা—ব'সমা থানিক!
ছেলের মা উমা হয়েছ এথন,
তবু মা!—বুঝনা মায়ের বেদন?
কত্যে যাতনা মেনকা মহিষী
তোর তরে তারা!—ভোগে দিবানিশি;
ভাব কিমা মনে?—পড়ে কি স্মরণ
ছূথিনী মা ব'লে?—ছূখিনী-জীবন!
আয় ত্রিনয়নি!—পাষাণী-সম্বল!
কোলে করি হৃদি করিরে শীতল!

(e)

( আরম্ভ )

"এলিকি মা ঘরে!"—বলি হিমালয়

ছাড়িলা নিশ্বাস,—কাঁপিল হৃদয়!

আনন্দের সহ—বিষাদ শোণিত—

(যাতনার বিষে চির কলঙ্কিত!)

বহিল সবেগে ধমনী-পথে!

উষ্ণ অঞ্চধারা অপাঙ্গ ভেদিয়ে

বিশাল উরসে পড়িল গড়িয়ে!





বিকল নগেন্দ্র ! — হয়ে দিশা হারা আবার বলিলা,—"এসেছে কি তারা ভিকারী হরের নিবাস হ'তে !"

( 배邻 )

"উঠ গিরিরাজ!—ডাকি বলে রাণী;—
"চেয়ে দেখ অই প্রাণের ঈশানী
দিংহাস্থরারুঢ়া!—সম্মুখে তব!
শ্বেতাম্বুজে বামে রাজে সরস্বতী;
দক্ষিণে কমলা—স্থবর্ণ ব্রততী!
গণেশ, কুমার, যুগল কুমার,
ছুই পাশে অই শোভিছে উমার!
উরধে ব্রমভে আসীন ভব!"

(উচছ্বাদ)

"এলিকি ঈশানি ?''—পুন গিরিরাজ ডাকিলা করুণে !—"এলিকিরে আজ গিরি-হাদি-রত্ব—উমা ত্রিনয়না ! আয় কোলে করি জুড়াই যাতনা ! কি দেখিবি তারা !—নাই রে এখন হিমাদ্রি ভবন—স্থখ নিকেতন ! শত পদাঘাত নিত্য উপহার,— শির পাতি সহি !—কি বলিব আর ? ভত্মাধার এবে এ পাপ নিলয়,







অপহৃত ধন, রত্ন সমূদয় ! স্থপু পাপ দেহে দগধ জীবন আছে পড়ি তারা !—কর বিলোকন !

(6)

(অগ্রস্ত)

উমার বদন করি বিলোকন,
মুছিলা ভারত সজল লোচন।
হাহাকার ধ্বনি ক্ষণেকের তরে
হইল নীরব!—প্রতি ঘরে ঘরে
শরতের চাঁদ উদিল আদি।
মরমের ভার – দাসত্ব-বন্ধন,


মরমের ভার — দাসস্বন্ধন, বিস্মৃতির হ্রদে দিয়ে বিসর্জন, আর্য্য-স্থতদল পুলক-বিহ্বল, ছুটিল ভারতে আনন্দ-কল্লোল! ( ছুখের বয়ানে স্থথের হার্দিট্রী!)

(শাগা)

সাজ আর্য্যকুল !— আর্য্য কুলবালা !
লও তুলি মাথে বরণের ডালা !
গিরিবালা আজি আসিছে ঘরে!
ঘারে ঘারে রোপ রম্ভাতক সারি,
রাথ মৃংকুম্ভ পূর্ণ করি বারি,—
(হেমকুম্ভ হায় নাই রে এখন!)







চুতপত্রেকরি শিরস শোভন,

–উড়াও নিশান আনন্দভরে!

(উচ্ছাস)

গাও ভাগীরথি! মৃতুল কল্লোলে;
হেলিয়ে তুলিয়ে শারদ হিল্লোলে!—
উমা-সমাগম শুভ সমাচার;—
( ভারত-জীবনে প্রীতির সম্ভার!)
হাস স্থথতারা উষার শিরসে,
স্বর্ণ পদ্ম যথা মানস-সরসে!
হৈম সরসিজ উমার আনন,
উজলিছে আজি ভারত ভবন!
ভারত-জীবন-তুখ-পারাবারে
তিন স্থধারা!— মরুভূ-মাঝারে
স্কাছ-সর-ত্রয়!— শারদ-পার্ব্বণ!
ভারতের তিন মহার্ঘ রতন!

(9)

( আরম্ভ )

"এলিকি অন্ধদে !'— মুছি অশ্রুনীর জিজ্ঞাদে ভারত ;— "আজি চুথিনীর দুখনিশি কিরে হ'ল অবসান ! ত্রিলোক-তারিণী তারার বয়ান

হেরি কি ভুলিতে পারিব জ্বালা!







এস জগদন্বে !—কর বিলোকন অভাগীর দশা ! – করমা প্রবণ হুদি-বিদারক, হা অন্ধ !' চিৎকার ! অন্ধশূত্য এবে ভারত-ভাণ্ডার ! এস বিশ্বারাধ্যা – নগেশ-বালা !

হাসিল ভারত আজি ফুল্লাননে,

হেম কমলিনী—গোরী আগমনে

হুদয়ের জ্বালা ঢালিয়ে কত!

হেরিয়ে উমার অমল আনন,—

(ভিকারিণী-ঘরে অমূল রতন!)

ভুলিল ভারত মানস-বেদন!

পুলকাশ্রুধারা হ'ল বরিষণ

দুখিনীর চোখে আজিকে শত!

(উচ্ছাদ)

এদ ত্রি-নয়না! — ভারত নিবাদে,
ডাকে আর্য্যকুল গললগ্নবাদে!
অপ্রুচ-বারি-পূর্ণ অযুত ভৃঙ্গার,
মহাস্নান আজি দাধিবে তোমার!
হৃৎপিণ্ড ছিঁড়ি আর্য্য-স্তুত্তগণ
দিবে বলিদান, — করমা গ্রহণ!
নাহি চণ্ডী — চণ্ডি! ভারতে এখন,
স্থধু 'হাহাকারে' জুড়াও প্রবণ।







এই যে আজিকে আনন্দ-উচ্ছ্বাস্ দেখিছ অন্নদে! — প্রীতির প্রকাশ! — স্বধু তবাগমে আর্য্যস্তদল ভুলিয়ে যাতনা, হয়েছে বিহ্বল!

(b)

( আরম্ভ )

এস যোগমায়া ! — যোগেশ-মহিষি । ভারতে প্রভাত আজি স্থথ-নিশি । ষষ্ঠী সমাগমে আর্য্যস্থতদল, লয়ে ধান্য, হুর্বা, জাহ্নবীর জল,

মণ্ডপত্নারে দাঁড়ায়ে দবে !

এস ভগবতি !—ভারত নিবাসে ;

আর্য্য-স্থত আজি রত অধিবাসে !

স্থগন্ধি চন্দন, কুস্থমের হার,

ওপদ-রাজীবে দিতে উপহার

ব্যগ্র আর্য্যগণ !—এদ মা তবে ।

(শাখা)

বাজিল দামামা, ঢাক. ঢোল, কাড়া,
মধুর শানাই, বীণা সপ্তস্বরা,
মুরজ, মন্দিরা, আনন্দরতে।
বাজিল দেতারা, রবাব, পিনাক,
শন্ধ, ঘণ্টা, ঘড়ি, কাঁশী লাখ লাখ।





ধূপ-ধূনা ধূমে ছাইল গগন 'জয়তুৰ্গে!' বলি আৰ্য্য-স্থতগণ পুলক-বিহুৱন আজিকে দবে। (উচ্ছান)

আজি আর্য্যালা,—দাসত্বলাসী
পতি-সমাগমে,—হাসে মধু হাসি!
আজি আর্য্যগণ দাসত্ত-বন্ধন
ভূলিয়ে পেয়েছে নবীন জীবন!
হুদি স্তরে স্তরে নব প্রীতি-স্রোত
প্রমোদ হিল্লোলে আজিওত প্রোত!
আজি স্থ্য-ভামু ভারতে উদর
বর্ষ দিন পরে,—হইয়ে সদয়!
এস কাত্যায়নি!—দেবি দশভূজা!
লও মাতঃ!—আজি ভারতের পূজা!
নাহি অন্য ধন;—হাদির ভকতি
লয়ে হররমা!—হরমা তুর্গতি!

### ছিন্ন-লতিকা।

(>

অনস্ত জগতচিত্র —মায়ার দর্পণ— প্রকৃতির রঙ্গাগারে !—আশা-পিশাচিনী সতত মোহিনী বেশে করিছে নর্ত্তন জীবের জীবন-কক্ষে !—চির-কুহকিনী !







স্থ হৃংখ জগতের প্রতি স্তরে স্তরে সময়ের স্রোতমুখে সদা ভাসমান! বিকাশিত বিধাতার স্থলন্ত অক্ষরে— "জীবনের গতি চির রবেনা সমান!" মোহান্ধ মানব সদা করিছে দর্শন ভ্রান্তির কুহকী মন্ত্রে—জাগ্রত-স্থপন!

চালিয়ে গগন-অঙ্গে জলদ-তামস
হাসিছে নিসর্গবালা বিচ্যুত-ফ্রুরণে!
ত্রিদিবের স্বর্ণ তন্ত্রী করিয়ে পরশ
গাইছে শান্তির গীতি বিষাদ মিশ্রণে!
প্রকৃতি! সাধের বীণা বাজাও আবার,—
নীরব নিশীথে হৃদি করিয়ে উদাস!
খুলিদাও মরমের অবরুদ্ধ দ্বার,—
চিন্তার জঞ্জালে যথা জড়িত হুতাস!—
লুকাও অষ্ঠমী-শশী জলদের গায়;
ঘুমাও নলিনীবালা সলিল-শয্যায়!

(0)

কল্পনে !

চপলা-চকিত পথে দেখালে কি আজ— জীর্ণাগারে—উন্মোচিত গবাক্ষের পাশে ক্ষীণাঙ্গী-বালিকামূর্ত্তি!—বিমলিন সাজ। নেত্রাসারে যথা স্বর্ণ অরবিন্দ ভাসে!







নিশীথ-নিভৃত-কক্ষে বিদ একাকিনী
কেরে বামা ?—অশোকের কানন-কুটীরে
কাঁদে যথা অভাগিনী জনক-নন্দিনী !
কিন্ধা ব্রজ-কুল-বধু নিকুঞ্জ-মন্দিরে ।
বালিকার অর্দ্ধস্ট হৃদয়-কোরকে,
না জানি কি বিষাদের অনল ঝলকে !
(৪)

দেখিতে দেখিতে অই ত্রিদিব প্রতিমা
মানস-দরস-মাত স্বর্গ-দরোজিনী,—
প্রকৃতির গুপ্ত কক্ষ ক্ষুট্ মধুরিমা!
আরম্ভিলা আপনার ছঃখের জীবনী!
" এই যে অনন্ত বিশ্ব স্থথের আধার,
বিধাতার লীলাময়ী-ক্রীড়া-নিকেতন!
অভাগীর পক্ষে স্থধু মরীচিকা দার!—
যাতনা-অনল-পূর্ণ—নরক ভীষণ!
কোথা স্থপ!—এ জীবনে হ'ল নাত দেখা!
কে পারে ফিরাতে যাহা অদৃষ্টের লেখা!

"ছমাদ বয়দ যবে—হায়রে কপাল! ছাড়িয়ে গেলেন মাতা অভাগী বালায়, এড়াইয়ে দংদারের দারুণ জঞ্জাল! অবোধ বালিকা তাহা জানিল না হায়! প্রতিবেশী জন মিলি অমুরোধ করি







দিলেন বিবাহ পুনঃ জনকে আমার;
পশিল সোণার গৃহে কাল বিষধরী,
ছাড়িলা কমলা এই কলক্ষ-আগার!
অভাগীর ভাগ্যে চির বিধিবিড়ম্বন,
ধাত্রী মাত্র উপলক্ষে রহিল জীবন!
(৬)

ছিলেন সোদর এক গুণের আধার,
বিমাতার ষড়যন্ত্রে—মনোবেদনায়
নেত্রাসারে তিতি কফে ত্যজিলা সংসার !
সে চিত্র আজিও জাগে মর্ম্মের গুহায় !
প্রস্থানসময়ে যবে আপ্লুত নয়নে
কোলে তুলি অভাগায় চুম্বি শত শত
থেদ পূর্ণ স্নেহ-ধারা চালিলা শ্রবণে,
আজিও করিছে তাহা হৃদয় প্রহৃত !
আজিও স্মৃতির কক্ষে দেখি সে স্বপন
চমকি উঠিছে বালা !—ঝিরছে নয়ন !
(৭)

বালিকা সরল হৃদে ভীম বজাঘাত ভাতার বিচ্ছেদত্বঃথ হয়েছে সহন! সহিয়াছে বিমাতার বিষ-দৃষ্টিপাত হলাহল-পরিপূর্ণ কর্কশ বচন! জানেন ঈশ্বর—যিনি চরাচরময়, বিশ্ব-অন্তর্ভেদী যাঁর পবিত্র নয়ন;







কিরূপে হয়েছে দগ্ধ বালিকা-হৃদয় উন্মুখ অঙ্কুরে ;—দে কি ভীষণ দহন। ভাতার প্রস্থানদিনে ফুটল নয়ন; সংসার-বুঝিল বালা জীবন্ত মরণ!

বিমাতার দংশনের তখন কেবল একমাত্র উপলক্ষ র'ল অভাগিনী; কত যে সংয়েছি তাহা,—কতই যে জল ঝরেছে নয়নে,—জ্ঞাত অন্তর্গামী যিনি। অদুক্টের অন্ত-তত্ত্ব করিতে গণন তক্ষম জগত !—তাহে অৰ্বাচীনা বালা কিরূপে করিবে তার সীমা নিরূপণ। কেবল দেখিত চক্ষে জ্লদুৰ্শ্মিমালা নাচিছে সম্মুখে!—তাহে বালিকাহৃদয় আতঙ্কে কাঁপিত সদা, মানিত বিস্ময়!

'' কন্টের জীবন-অঙ্কে হায় এক দিন নিশীথসময়ে গৃহে রয়েছে নিদ্রিত চিন্তাক্রান্তা অভাগিনী:—যথা বিমলিন নিশায় নলিনীবালা—( সরসী-শায়িত ! ) যামিনীর সেই যাম এ পোডা জীবনে আনিল নূতন চিন্তা;—সহসা কে যেন আকর্ষিলা ধরি কর,—দে কর স্পার্শনে







কাঁপিল হৃদয়-তন্ত্রী—খুলিল নয়ন!
দেখিমু সম্মুখে এক নবীন যুবক,
গৃহশীর্ষে ধাঁ ধাঁ করি জ্বলিছে পাবক।
(১০)

" কহিল। সত্বর যুবা— সয় অবোধিনি !
অর্দ্ধ গৃহ দগ্ধ প্রায় — কি দেখ এখন ?
বাহিরাও ত্বরা— অই বিশ্ব-বিনাশিনী
গর্জিছে অনলজিবা নাশিতে জীবন !
দেখিয়ে সে অগ্নিকাণ্ড কাঁপিল হৃদয়,
কোঁদ জড়াইয়ে ধরি যুবকের গলে
বলিলাম—রক্ষা কর মোরে এ সময়;
আজি বুঝি হই ভস্ম ভীষণ অনলে!
বলিলা যুবক 'কেন র্থা কর ভয় ?
তোমারি উদ্ধার তরে এসেছি নিশ্চয়'।
(১১)

বলিতে বলিতে যুবা বিদ্যুতের প্রায় ভাঙ্গি গৃহপার্থ এক চরণপ্রহারে, করে ধরি উদ্ধারিলা অভাগী বালায়; চতুর্দিক হ'ল পূর্ণ আনন্দ-চিৎকারে! শোকার্ত্ত পিতার মূর্ত্তি দেখিতু সম্মুখে, অপ্রুক্তলে অভিষিক্ত পবিত্র শরীর; পাইয়ে হারাণ ধন ধরিলেন বুকে, ঝরিল অপাঙ্গপথে স্নেহোচছ াসনীর!







পিতার দরল স্নেহে ভিজিল নয়ন, লইলাম শিরে তুলি সে দেব চরণ!

(>>)

তারপর এক দিন সায়াহ্লসময়
( চিত্রিত গগন-অঙ্ক লোহিত কাঞ্চনে) :
সরসীসোপানে বিস মুদি নেত্রদ্বয়
রয়েছি—হুদয় ব্যাপ্ত অনলচিন্তনে!
গরলপ্রমুখ অগ্লি সহস্র শিখায়
তরল শোণিতস্রোত করি উষ্ণতর
বহিছে বিদ্যুতবেগে শিরায় শিরায়।
জ্বলিতেছে ধাঁ ধাঁ করি প্রতি মর্ম্মস্তর!
সহসা কে যেন আসি এমন সময়
চাপিয়ে ধরিল কর—কাঁপিল হুদয়!
(১৩)

ফিরিল পশ্চাতে নেত্র—হইল দর্শন
শরত-স্থাংশু যথা গগন-অঙ্গনে
নবীনযুবকমূর্ত্তি—মানস-রঞ্জন!
ফুরিত ত্রিদিব-বিভা—আয়ত লোচনে!
অজ্ঞাতে হৃদয়কক হ'ল উন্মোচিত,
থেলিল বিদ্যুত তথা!—স্মৃতির দর্পণে
দেখিল অবোধ বালা আছে হ্রঞ্জিত
সেই অমরার মূর্ত্তি—কনক রঞ্জনে!







সেই মূর্ত্তি—যেই মূর্ত্তি অনল-শিখায় হ'তে ভস্ম—রেখেছিল অভাগী বালায় ! (১৪)

"পাগলিনি!

কেন সন্ধ্যাকালে বিস সরসীসোপানে ?"—
কাঁপিল যুবককণ্ঠ !— কি দিব উত্তর ?
"কেন সন্ধ্যাকালে বিস সরসীসোপানে ?"
জানেনা অবোধ বালা জানেন ঈশ্বর !
আবার কহিলা যুবা—'বল স্থলোচনে
কেন সদা বিষাদিনী ?—কেন অশ্রুজল ?
উন্মেষ স্থবর্ণ পদ্ম গরল প্লাবনে
কেন সান ?—মেঘে মাখা কৌমুদী তরল ?
অয়ি মুগ্নে !
তোমার বিষাদময়ী অনন্য মূরতি,
এঁকেছে হৃদয়-পটে অভাগা সম্প্রতি!
(১৫)

পিঞ্জরের বিহঙ্গিনি ! পশগে পিঞ্জরে ;
পশিবে অভাগা যুবা অনন্ত প্লাবনে—
নির্জন-কানন-কক্ষে—ভ্বর-কন্দরে,
সাজিয়ে নবীন যোগী—যোগেন্দ্র-সাধনে !
অনন্ত সাগর সম ভালবাসা মম
ঢালিয়ে দিয়েছি তোরে,—যাই পাগলিনি !







যাই তবে !—অভাগার অপরাধ ক্ষম ! পশিবে অনন্ত ধামে এ মোর কাহিনী ! এক হুঃখ শশীমুখি ! রহিল অন্তরে— থাকিল ত্রিদিব-পদ্ম ভুজস্কুগহরে !" !

(১৬)

নীরব নিম্পান্দ যুবা, ছল ছল আঁথি !
ঘুরিল বালিকানেত্রে অনস্ত ভুবন !
বিমুগ্ধা !—অজ্ঞাতে যুবা-বক্ষে শির রাথি
ধীরে ধীরে বিমুদিল যুগল লোচন ।
না জানি যে কত কাল সে স্থথ শয়নে
ছিলরে অবোধ বালা !—ভাঙ্গিল চমক ;
দেখিলাম অশ্রুসিক্ত বিষণ্ণ বদনে
অভাগীবদন চাহি আছেন যুবক !
দৃষ্টিমাত্র চারি চক্ষু হইল তরল,
ঝারিল আদার ধারা !—মানস-বিহ্লল !
(১৭)

বালিকার বিদ্রাবিত-হৃদয়-সরসে
ভাবের প্রবাহ-রেখা ভাসিল যে কত,
আশার আনন্দময়ী কৌমুদী পরশে
রঞ্জিয়ে রজত বর্ণে—মুক্তাহার মত!
কে করে গণন তাহা ? কে করে দর্শন
বালিকা-হৃদয়-কক্ষ-নিহিত অনল







কি হেতু উঠিছে জ্বলি ?—কেন ? —কিকারণ সরল তরল হৃদি হয়েছে চঞ্চল ? জানেন ঈশ্বর যিনি চরাচরময় ; পূর্ব্বেই করেছে বালা হৃদয় বিক্রয় !

(34)

যেই দিন—
নিশীথ-নিদ্রার কক্ষে অনাথা বালিকা
ঢালিয়ে অবশ দেহ—স্বপন খেলায়
ছিল মন্ত !—প্রাক্তনের গুপু যবনিকা
তুলিয়ে দেখিতেছিল—জ্বলন্ত জিহ্বায়
গর্জিছে হুর্বার অগ্লি বিকটদর্শন !
সহসা কাঁপিল হুদি সহসা অমনি
কে যেন ধরিল কর,— মেলিয়ে নয়ন
হেরিমু যুবকমূর্ত্তি;— করি হু হু ধ্বনি
সত্যই জ্বলিছে উদ্ধে প্রচণ্ড অনল !
আতক্ষে অবলা হুদি হইল বিহুলে!

সেই দিন সেই ভীম অনল সম্মুখে বালিকা সরল হৃদি করিয়াছে দান সেই যুবকের করে, — আবেগপ্রমুখে! অভাগী-জীবনে সেই জীবস্ত আখ্যান! সেই দিন হ'তে সেই আশার স্থপন,

(55)









নিত্যই দেখিত বালা — কাঁপিত হৃদয় !
নব প্রণয়ের দেই অফ্টু দিঞ্জন
হইত সে হৃদি-তল্পে ! মানিত বিস্ময় !
আঁধার জীবনে দেই স্বর্গীয় আলোক
দেখিত অবোধ বালা, — পাইত পুলক !
(২০)

প্রাণের পরাণ সেই হৃদয় রতন,—
ভিকারিণী-জীবনের অনন্য দম্বল,
বালিকার পাশে হৃদি করি উন্মোচন,
দেখাইলা আমি তাঁর,—তপ্ত অশ্রুজল
বহিল কপোল প্রাবি—তিতিল উরস!
কি জানে বালিকা তার আছে কি উত্তর
বলিতে জীবিতনাথে ?—মর্মের মানস
খুলিয়ে দেখাতে তাঁরে,—তথা নিরন্তর
কিযে কি হ'তেছে কাণ্ড! বুঝেনা বালিকা,
ফুল-লতা-বদ্ধ যথা কানন-সারিকা!

কতক্ষণ পরে মুছি বদনে নয়ন
কহিলা হৃদয়নাথ—'কেন পাগলিনি!
যুগল বিলোল নেত্রে আসার বর্ষণ ?
কেন মানমুখী স্ফুট স্বর্ণ সরোজিনী—
এপোড়া-হৃদয়-রত্ন ?—বল একবার
ভালবাস তুমি এই অভাগা যুবায়!







বল তবে প্রাণাধিকে বল একবার
শুনে যাই;—জন্মশোধ ত্যজেছি আশায়!
অনন্ত জীবনে যবে মিশিবে জীবন,
স্মারিবে অভাগা এই স্থদ স্থপন!'
>

(>>)

এ কি কথা !—বালিকার কাঁপিল অন্তর,
আবেগ-প্লাবিত হৃদি হ'ল বিলোড়িত;
ধরিয়ে দক্ষিণ করে যুবকের কর,
কি যেন বলিতে হৃদি হইল স্তম্ভিত!
শক্তিহীন বাক্-যন্ত্র,—মলিন আনন!
ফুটিল শরম-রেখা যুগল কপোলে।
ধীরে ধীরে পুনর্কার তিতিল নয়ন;
ছুই, চারি অশ্রুবিন্দু যুবা করতলে
গড়িয়ে পড়িল আদি;—চমকি অমনি
কহিলা যুবক—'মোরে ভালবাদ ধনি!'
(২৩)

'ভালবাস ধনি !' এর কি দিব উত্তর ? বালিকার ক্ষুদ্র হৃদে নাই কি সে স্থান জীবন-রক্ষক যিনি—জীবন-ঈশ্বর ভালবাসিবারে তাঁয় !— স্থধু কি পাষাণ !! ছুটিল ধমনীপথে প্রতপ্ত শোণিত, তুরু তুরু করি পুনঃ কাঁপিল অন্তর,







ফুটিল রসনা,—হৃদি হ'ল উচ্ছু সিত ;—
কহিলাম—"পাগলিনী কি দিবে উত্তর ?—
সতত দেখিতে পাশে চিত যাঁরে চায়,
কিরূপে বুঝিবে ভালবাসে কিনা তায়!"

(२९)

বালিকার করস্থিত যুবকের কর
হ'ল স্বেদ-সিক্ত,—হাদি হইল স্পান্দিত!
নীরবে দেখিল বালা,—হাদ্য-কন্দর
নূতন তরঙ্গ মুখে হইল কম্পিত!
কহিলা প্রাণেশ—'প্রিয়ে জনমের মত
এ দাস রহিল দাস চরণে তোমার;
ভালবাসি শশিমুখি তোমারে যে কত
জানেন অন্তর্থামী কি বলিব আর?'
প্রাণেশবচনে—আর্দ্র হইল নয়ন,
হইল—

(₹€)

অদুষ্ট দীমান্তে এক বিন্দু বরিষণ !

শ্ব তিলো!

কি কাজ সে গুপ্ত-বহ্নি-ক্ষুলিঙ্গ-বিকাশ গ বালিকার ভক্ষহাদে করিয়ে ফুক্রার প্রধূমিত করিবারে কেন এ প্রয়াস ? কেন হলাহলে তীত্র বিছ্যুত সঞ্চার ?





উচ্ছ্বৃদিত হৃদয়ের জ্বলদূর্শ্বিমালা তরতর বেগে যবে হয় অগ্রসর, কিরূপে বুঝিবে তাহা অর্কাচীনা বালা কোথা হ'বে সীমা প্রাপ্ত ?—জানেন ঈশ্বর! জানেন ঈশ্বর সেই স্থ্য-সন্মিলনে, ফুটে ছিল নব দীপ্তি বালিকা-জীবনে!

(২৬)

প্রাণেশ-আদরে সদা ছিন্থ গরবিনী,—
ভূলিয়ে যাতনাপূর্ণ ভীষণ সংসার,
খেলিত কল্পনাসঙ্গে আশা-পিশাচিনী
নিভ্ত হৃদয়ে নিত্য,—হ'ত চমৎকার!
চলিলে প্রতিচী-প্রান্তে দেব বিভাকর,
প্রত্যহ ছুটিত বালা সরসীর ধারে;
ভেটিতেন আসি নিত্য জীবন-ঈশ্বর
ছুখিনী বালায় তথা নব সমাদরে!
অকপট ভালবাসা এ মর জীবনে
সেই মাত্র জানে বালা প্রাণেশ-মিলনে!

"নব জীবনের স্রোত নবীন হিল্লোলে
চলেছিল ;—একদিন দেখি অকস্মাৎ
প্রাণেশ কাতর-নেত্র—তিতি অঞ্চজলে
অভাগী বালায় আসি দিলেন সাক্ষাৎ







সে মূর্ত্তি দেখিয়ে মম কাঁপিল হৃদয়!
কহিলাম—একি নাথ! কেন হেন ৰেশ ?
বল উপস্থিত আজি কি মহাপ্রলয় ?
কেন হেন ব্যাকুলিত বল হৃদয়েশ!
অভাগীর হৃদে আর নাহিক পরাণ,
হেরিয়ে তোমার অই বিষয় ব্য়ান!

(२৮)

সম্বরি' নয়নে নাথ নয়নের নীর
অতি কটে বলিলেন—'(প্রেয়দি আমার!—
মরমের ধ্রুব তারা!—প্রেম-প্রোধির—
অন্তরনিহিত রত্ন!—জীবনের হার!
ভাঙ্গিতে তোমার আজি স্থথের স্থপন,
প্রমাদ-বাদনা-পূর্ণ উন্মন্ত যুবক
আদি উপনীত পাশে;—কর বিলোকন!'
অবাক বালিকা! নেত্র হ'ল অপলক!
আবার কাঁপিল হৃদি,—হইল দর্শন
ক্ষণকাল ধূমপূর্ণ অনন্ত ভুবন!

(ミシ)





উষার রক্তিম ছটা করি বিলোকন, স্ফুটোন্মুখ সরোহ্নদে স্বর্ণ সরোজিনী, না হইতে আপনার পূর্ণ বিকশন, দলিত কুঞ্জরদন্তে!—জীবন-রূপিনি! অভাগা সময়-স্রোতে ঢালিল জীবন; 'ভালবাদা-মহাযজ্ঞ' হ'লনা পূরণ !

(00)

#### " প্রেয়সিরে।

কি যে কি হ'তেছে কাণ্ড এ হৃদয়ে আজি বলিতে অশক্ত !—হৃদি দিয়ে বলিদান চলিল উন্মত্ত যুবা ক্রীতদাস সাজি! বাঙ্গালীজীবনে যাহা স্বর্গীয় সম্মান ।। সয়েছি গঞ্জনা বহু,—সহিবনা আর। ধনলুক্ক আত্মীয়ের আকাজ্ফা পূরণ— করিতে ত্যজিব আজি য়ণিত সংসার! দেখিব অর্থের বত্ম করি অন্নেষণ। এক ছুঃখ—প্রাণাধিকে বিচ্ছেদ তোমার-কম্পিত করিছে হৃদি অভাগা যুবার !" 🖔 (05)

কি বলিব ? বাক্যস্ফূর্ত্তি হ'লনা তখন, জ্ঞান-হারা ;—সর্মীর সোপানশয্যায় ঢালিকু অবশ দেহ,—( মুদিল নয়ন!)







বাটিকা বিচ্ছিন্না বনলতিকার প্রায় !

যথন সে মৃচ্ছাভঙ্গে খুলিল নয়ন,

দেখিকু যামিনী ঘোরা !— শিয়রে আমার

বিমাতা বাঘিনীপ্রায় করিছে গর্জ্জন !

আতক্ষে কাঁপিল হৃদি !—কি বলিব আর ?
জীবনের আশা যত দিয়ে বিসর্জ্জন
করিলাম বিমাতার পশ্চাত্ গমন।

(৩২)

সেই হ'তে এক দিন' এ পাপ আগার
ছাড়ি নাই !—সহিয়াছি অনন্ত যাতনা !
পিঞ্জরের বিহঙ্গিনী করেছিল সার
কঠিন পিঞ্জরবাস—( নিয়ত লাঞ্ছনা ! )
পিতার ধিকারবাক্য,—মাতার তর্জন—
সহিয়াছি ;—সহিয়াছি অনন্ত গঞ্জনা
প্রতিবেশিমুখে নিত্য ;—হয়নি মরণ !
কলঙ্কিনী বলি সবে করেছে ঘোষণা
বনবিহগীরে !—ধিক্ মানবের মন,—
সাধ্বীর মন্ত্রমব্যথা বুবোনা কেমন !
(৩৩)

বিমাতার উত্তেজনা-অনল-শিখায় উত্তেজিত হ'য়ে পিতা করেছেন স্থির, ডুবা'তে অতল জলে অভাগী কন্যায়,—







মনোমত বর এক —বাতুল স্থবির!
কালি নাকি হবে বিভা!—হায়রে কপাল!
কোথায় প্রাণেশ মম জীবন-ঈশ্বর!—
হুদয়-সরোজ-রবি! এ ঘোর জঞ্জাল
হ'তে কে বাঁচাবে আজি বল প্রাণেশ্বর!—
তোমার আদরমাখা যতনের ধন!

বুঝিলাম নাথ ! 'ভালবাদামহাযজ্ঞ' হ'লনা পূরণ ! (৩৪)

আজি এই জীবনের অনন্ত বন্ধন
ছিঁড়িবে অবোধ বালা করিয়াছে স্থির।
গ্রাণাধিক!—ছ্থিনীর জীবন-জীবন!
হ'লনা সাক্ষাৎ ছুঃখ র'ল অভাগীর!
ক্ষমিও এ অপরাধ,—অন্তিম শব্যায়
পারিলনা অভাগিনা করিতে বন্দন
ওপদ-রাজীব তব!—অনলজিহ্বায়
হ'তে ভক্ম রেখেছিলে যাহার জীবন;
যে জীবন ছিল তব যতনের ধন,
আপনি সে দিল ছিঁড়ি আপন বন্ধন!

এ সংসারে কোথা যদি সোদর আমার বাঁচিয়ে থাকেন হায়!—পশিবে যথন কর্ণে তাঁর অভাগীর মৃত্যু-সমাচার,—







না জানি সে শোকে দাদা ত্যজেন জীবন!
ভাই বোন্ ছুটী মোরা সংসার প্রান্তরে
ছিন্তু ফুটি এক পাশে,—হায়রে কপাল!
ছুটিয়ে গেলেন ভ্রাতা দূর দেশান্তরে!
ঘিরিল অভাগীভাগ্যে অনন্ত জঞ্জাল!
পুনঃ যদি কভু দাদা!—

পুনঃ যাদ কছু দাদা !— ফিরে আসি গৃহে—ডাক 'কোথায় ভগিনি !' উত্তরিবে প্রতিধ্বনি 'কোথায় ভগিনি !'

96

জন্মভূমি জননি গো! জীবনের তরে
চলিল ছুখিনী আজি ত্যজিয়ে তোমায়!
যে জ্বালা জ্বলিছে দদা হৃদি স্তরে স্তরে,
নিবাবে আজিকে তাহা তীক্ষ ছুরিকায়!
কোথা হে অনাথনাথ দেব দ্য়াময়!
অনন্ত-যাতনা দগ্ধ অনাথা বালিকা
অন্তিমে ব্যাচিছে আজি ওপদআশ্রয়!"
কাঁপিল বালিকাহ্নদি!—শাণিত ছুরিকা
বালিদিল দীপালোকে!—জীবন বন্ধন
দিল কাটি!—ছিম্ম লতা হইল পতন!







# গরল উচ্ছ্যাস।

-101-

٥

ভবেন্দ্র-ভবনে, নগেন্দ্র-নন্দিনী
উপনীত আজি;—ত্রিদিব-বন্দিনী!
বিজয়াবসানে ছাড়ি হিমালয়,
আঁধারি ভারত-ভকত-নিলয়!
হেরিয়ে ভবেশ, ভবানীবদন,
অপার আনন্দে ডগমগ মন!
ধরে না আমোদ শ্বেত ধরাধরে,
উছলিয়ে যেন পড়িতেছে গ'ড়ে;—
হাদিতেছে জয়া বিজয়া বিদি।

5

"বম্ বম্ বম্ হর হর হর !"
বলিয়ে ভৈরব কিল্কর নিকর
গর্জিছে সঘন,—প্রারটে যেমন
ঘন ঘন হয় জীমৃতগর্জন!
তালে তালে দবে ফেলিয়ে তাল,
নাচিছে আনন্দে বাজায়ে গাল!
"বম্ বম্ বম্ হর হর হর!"
প্রতিধ্বনি-স্বরে ধ্বনিছে কন্দর!
ভূতনাথ ভালে হাসিছে শণী!







(৩)

বিধ্ত-রজত-প্রতিভা-লাঞ্তি
অথবা প্রবল-বায়ু-বিতাড়িত
খেত ফেণ-মালা,—সাগর-বেলায়
প্রপুঞ্জ আকারে যথা শোভা পায়,
তেমতি;— ধবল অচল কৈলাসে,—
অনন্ত হীরক-বিভাস বিকা'শে
খেতবরবপু, ব্রভ-বাহন,
ঢুলু ঢুলু ভাবে চলে ত্রিনয়ন!
না ধরে আনন্দ অধরতলে!

ভবানীর ভাবে বিধ্বল ভূতেশ! ডাকিয়ে নন্দীরে করিলা আদেশ,—

निमन् !-

বাছারে এমন আনন্দসময়
ঘোট সিদ্ধি ত্বরা,—বিলম্ব না সয়;
বাছি বাছি আনি মিশাও তাহার
ধূতুরার বীজ অধিক মানায়!
ঢাল গন্ধাজল ভরিয়ে কটরা,
ঘুরাইয়ে 'সটা' ঘোট দেখি ত্বরা;

"জয় জয় শিবা সিদ্ধিদা" ব'লে ! (৫)

একেই উন্মন্ত ভবেশকিঙ্কর, তাহে প্রভু-আজ্ঞা,—প্রফুল্ল-অন্তর !







গভীর গর্জনে 'নিজদল' গণে,
"সিদ্ধিআন" বলি ডাকিলা সঘনে!
শুনিয়ে শক্ষর-কিঙ্কর-নিকর,
ধ্বনিল হরষে "হর হর হর!"
অপার আনন্দে হয়ে কুতৃহলী,
আনিয়ে যোগা'ল সিদ্ধিপূর্ণ থলী,
ত্রিশূলী-পার্শ্বহ নন্দীর আগে!

**(b**)

আনন্দিত নন্দী উমেশ-আদেশে,
বিদিয়ে প্রকাণ্ড গিরীন্দ্র-শিরদে,
ভীম ভুজযুগে ভীমদণ্ড ধরি,
ভীম-অনুজ্ঞায় ভবানীরে স্মরি,
ভীম বলে ভীম-বলী বীরবর,
কাঁপাইয়ে ভীম পর্বত শিথর,—
আরম্ভিল দিদ্ধি ঘোটতে সত্বর,
দিদ্ধকাম !—দিদ্ধি-ঘোটন-তৎপর!
মিশা'য়ে ধূতুরা অধিক-ভাগে!

(٩)

হ'ল সিদ্ধি যোটা, দিলেক ধরিয়ে ভূতনাথ আগে!—ত্রিনেত্র মুদিয়ে প্রমোদ-বিহ্বল ভূতেশ তখন পানকরি সিদ্ধি, বিগত-চেতন!







দারুণ নেশায় টলিল শরীর,
( টলিল কৈলাস হইয়ে অস্থির!)
আরক্ত ত্রিনেত্র অর্দ্ধ-নিমীলিত,
অনন্ত জগৎ করিয়ে বিস্মিত,
পড়িলা টলিয়ে নন্দীর কোলে!

কাঁপিল ব্রহ্মাণ্ড ভবের বিহ্বলে,
গরজিল ফণী নীলকণ্ঠগলে!
ধক্ ধক্ বহ্নি কপাল-ফলকে
জ্বলিতে লাগিল ঝলকে ঝলকে!
উছলিয়ে ভীম জটার বন্ধনী,
কল কল স্বরে কল-কল্লোলিনী
ছুটিল সবেগে, প্লাবিয়ে ভূধর!
উঠিলেক ধ্বনি "হর হর হর!"
কাঁপিল ত্রিলোক সে ভীম রোলে!
(১)

বিশ্মিতা বিজয়া! সাদরে অমনি
বলিলা "হেরগো হেরন্থ-জননি!
অচেতন হর সিদ্ধিপান করি,
করাও চেতন,—যাও সিদ্ধেশ্বরি!
যাও ত্রিলোচনা!—যথা ত্রিলোচন;
করাও তাঁহার সংজ্ঞা উদ্দীপন!—
শুনিয়ে সে বানী ত্রমনোরমা,







#### ( শারদ কোমুদী জিনি নিরুপমা ! ) দ্রুত উপনীত ভবেশপাশে ! (১০)

অস্পন্দ শিবাঙ্গ হইল স্পন্দিত,
ভীষণ গরল হ'ল উদ্গীরিত;—
( নীল-কণ্ঠ কণ্ঠে ধরেছিলা যাহা
সমুদ্র-মন্থনে!—নিঃসরিল তাহা!)
ধক্ ধক্ তায় জ্বলিল অনল;
ধরিলা ভবানী পাতি পাণি-তল
অঞ্জলি প্রিয়ে,—সে ভীম প্রবাহ—
তীব্র হলাহল!—চাক্ল অঙ্গ দাহ
হইল উমার!—স্থতপ্ত কাঞ্চন
মূরতি ধরিল অসিত বরণ;
কাঁপিল ত্রিদশ ভীষণ ত্রাদে!

(>>)

অস্থিরা শঙ্করী, কহিলা শঙ্করে,—
( ত্রিতন্ত্রী বীণার পঞ্চম ঝঙ্কারে।)
"হের বিশ্বস্তর! বিশ্ব রসাতল
যায় যে!—উচ্ছ্বসি ভীষণ গরল!
ধরিতে এ বিষ অশক্তা ভবানী,
কোথায় রাথিব ? বল শূলপাণি!"—
হত্ত হাসি ধীরে কহিলা মহেশ







"ফেল আর্য্যভূমে"—শুনিয়ে আদেশ, ভারতে গরল ছাড়িলা সতী। (১২)

ভারতের প্রতি শিরায় শিরায়,
অস্থিরন্ধু-পথে, জ্বলদগ্নিপ্রায়
দে উষ্ণ প্রবাহ হ'ল প্রবাহিত!
ভীম হলাহল হ'য়ে উচ্ছ্বুদিত
প্লাবিল ভারত!—বিধির বিধান,—
নন্দন হইবে বিকট শ্মশান!
ছাড়িলা কমলা ভারত-নিলয়
সহ বীণা-পাণি।—ব্যথিত হৃদয়!
হেরিয়ে ভারতে গরলবতী!

### একাকিনী।

বিজন বিপিনে বদি একাকিনী
কেরে বামা অই বিনোদ-দামিনী,—
শারদ-কোমুদী জিনি স্থবরণা !
ললিত লাবণ্য !—বিলোল-লোচনা !
ভূতলে অতুল রূপের খনি !
বিকচ-কুমুদ-বিভা-বিভাদিত







শুল্র উত্তরীয়ে তকু আবরিত ; হীন-আভরণা—নবীনা যুবতী, প্রকৃতির যেন প্রশান্ত মূরতি ! চিত্রের আদর্শ !—রমণীমণি !

(२)

কাঞ্চন-মূণালে কনক-কমল
জিনি করতলে স্থাপি গগুস্থল,
বন-বিহারিণী—অনন্য-মানসে,
(স্বর্ণ পদ্ম যথা শান্তির সরসে!)

চল চল নেত্রে রয়েছে বসি।
চাঁচর চিকুর চুমে রজঃকণা,
কৃষ্ণ কাদ্যিনী,—নাগিনী-গঞ্জনা।
চাকি চারু পৃষ্ঠ, উন্নত উরস;
চপলা-জড়িত তোয়দ-তামস।
কিষা যথা আধ জলদে শ্শী।

(৩)

শারদ জ্যোস্নায় ঘনমালা মাখি,
কানন-প্রাঙ্গণে গেছে কেবা রাখি!—
কে যেন হীরায় পান্নায় মিশা'য়ে,
রেখেছে অপূর্ব্ব মূরতি নির্মায়ে
নিবিড় গহনে, মনের স্থাং!
কেরে এ কামিনী—এথা একাকিনী,







বনগতা যথা জনক-নন্দিনী!
নল-মনোরমা চারুশীলা সতী—
অথবা কাননে হারাইয়ে পতি!
কিন্ধা-বনদেবী বিনতমুথে!

মৃত্ব সমীরণে কাঁপিছে বসন,
কাঁপিছে অলকা—ভুবন-মোহন!
নদী-হৃদে মৃত্ব হিলোলে থেমন
কাঁপয়েমধুর বিধুর কিরণ,

তেমতি ;—রূপের বাহার খু'লে ! এ চারু-বদনা, ললিত ললনা অতুলিতরূপ,—অমর-বাদনা ! বন আলো করি বদি একাকিনী কেরে হেম-প্রভা ?—কাহার ভামিনী ? আনত আননে আপনে ভুলে !

(¢)

দেখিতে দেখিতে হইল স্পান্দিত,
সে দেবী-প্রতিমা !—বায়ু-বিকম্পিত
স্বর্গলতা যথা দেবেন্দ্র-কাননে !—
থেলিল বিচ্যুত আয়ত নয়নে
স্বর্গীয় প্রতিভা বিকাশ করি !
কাঁপিলেক ঘন পীন বক্ষঃস্থল,
বারিধি-উরসে যথা উর্ম্মিদল !







কাঁপিল অধর, প্রবালজড়িত অনঙ্গ-কাম্মুক !—হইল কম্পিত মন্দাকিনী-নীরে স্থবর্ণ-তরী।

(৬)

ত্রিদিবের দার করি উন্মোচিত,
স্থকণ্ঠী-কিন্নর-কণ্ঠ-বিধূনিত
কিন্দা স্থরবালা-স্থার-লহরী
পশিল সহসা কানন শিহরি
শ্রেবণ-বিবরে স্থার ধারে।
দক্ষিণ পবনে চলিল নাচিয়া
দে মধুর গীতি!—চলিয়া ঢলিয়া
জাহ্ণবী-জীবনে, অনন্ত ভবনে,
অনন্ত গহনে, অনন্ত শ্রাবণে
পশিল কাঁপায়ে অমরা দারে।

(9)

বনদেবী পানে ফিরিল নয়ন
হেরি,—কল কণ্ঠ করি বিধূনন,
স্থতার সেতারা, বীণা বিনিন্দিত
ছড়ায়েছে বামা মধুর সঙ্গীত,
অনন্ত-গগন বিভেদ করি!
হুদিস্তরেস্তরে, শিরায় শিরায়
পশিল সে গীতি বিমল ধারায়!







কাঁপিল হৃদয় !—হৃদিতন্ত্ৰীচয় ! সঙ্গীত-সঙ্গতে হইলেক লয় হৃদয়-ত্ৰিতন্ত্ৰী সে তান ধরি ! ৮)

কেরে কলকণ্ঠা মধুর নিস্তনে
বিজন বিপিনে তুষিল প্রবণে ?
কেরে এ অবলা এথা একাকিনী ?
কিন্নরী, অপ্ররা, গন্ধর্ব-নন্দিনী,
অথবা মকর-কেতন-প্রিয়া।
মধু-কণ্ঠে মাখি বিরহের বিষ,
বিরহ-সঙ্গীতে পূরি দশ দিশ,
কেরে স্থধাময়ী স্থধায় গরলে
মিশা'য়ে ঢালিছে ধরনীমগুলে ?
কি তাপে না জানি তাপিত হিয়া!

দঙ্গীতের সহ, — অঞ্জন রঞ্জিত
বিলোল-লোচন-অপাঙ্গ-বাহিত
হ'ল জলকণা! — মুকুত-গঞ্জন!
গোমুখীর মুখে জাহ্নবী-জীবন
ধীরে ধীরে যথা গড়িয়ে পড়ে!
তেমতি কি হেতু আসার-ঝরণা
ঝরিল নয়নে! — কেনরে ললনা
আপনার স্বরে আপনি বিমনা;





কোমল স্থানয়ে কি যেন যাতনা উঠিল জাগিয়ে বিযাদভরে !

কেরে একাকিনী বন-বিমোহিনী! বিষাদ-সঙ্গীতে পূরিছে মেদিনী; কেন ঝর ঝর নয়ন-কোণায়, ঝরিছে দলিল ঝরণার প্রায়!

জ্বলিছে হৃদয়ে কি পাপ জ্বালা!
চিনেছি চিনেছি হ'বে না বলিতে,
গরল-পূরিত তরল সঙ্গীতে,
হৃদয়-অর্গল করি উন্মোচন
দেখায়েছে;—এ কে রমনী-রতন ?—
"অভাগা বঙ্গের বিধবা বালা!"



# মহা-নিদ্র।



(2)

উদি পূর্ব্বাসারে ভানু পশিছে পশ্চিমে;
আসিছে যামিনী; — পুনঃ উদিছে তপন!
রঞ্জিছে প্রদোষ, উষা হুবর্ণ রক্তিমে,
কালের অনস্ত চক্রে;—( নৈত্যিক দর্শন!)
আশার বুদুদ শত মানস-সরসে







উঠিছে, ফুটিছে, ক্ষণে মিশিছে আবার ! নিত্য নব সময়ের সমীরপরশে— হ'তেছে প্রকৃতি-কক্ষে বিহ্যাত-সঞ্চার ! বাজিছে কালের ভেরী কঠোর নিস্থনে ! ভাসিছে অনন্ত বিশ্ব—অনন্ত প্লাবনে !

তথ তুংথ জগতের প্রতি স্তরে স্তরে
বাহিত,—তরঙ্গময় অমিয়-গরল !
শান্তির সলিলে কোথা তাপ শান্তি করে,
কোথাও জ্বলিছে ভীম নরক অনল !
নিসর্গের কক্ষে কিত্যে বিপর্য্য !—
রাজার প্রাসাদ কত জন্মুক-নিবাস !
রাজ-হর্ম্যে রমা পুনঃ অটবী-হৃদয় !
মহাদিন্ধু-বক্ষে নব রাজ্যের প্রকাশ !
ত্থান্দর নগর কত কাল-কুক্ষিগত !
চাক্র সমতলক্ষেত্র উন্ধৃত পর্বত !
(৩)

ত্রিদিব-প্রতিভা যার বদনে বিকাশ দেখিছ আজিকে নব স্তথ সন্মিলনে; কালি তথা ভাবনার বিষম হুতাস ঢেকেছে সে মুথকান্তি মসী-আবরণে! আজি অঞ্জনীরে যার ভাসিছে বদন শিশির-নিষিক্ত বন-কুত্মম সমান;







কালি তথা প্রমোদের প্রতিভা স্ফুরণ
হ'তেছে,—অহাসপূর্ণ সে চারু বয়ান!
কোবা জানে ?—কেবা ভাবে ?—
অলক্ষ্যে সংসারবক্ষে সদা লম্বমান—
কালের স্ফুলিঙ্গ-বিভা—উলঙ্গ কুপাণ!

(8)

ভবিতব্য-চিত্রপট করি উন্মোচন
কে করে গণন তার অঙ্ক সমৃদয় !
জানিত কি বীরর্ষভ নৃপ ছুর্য্যোধন
কুরুযুদ্ধে যুধিষ্ঠির লভিবে বিজয় ?
জানিত কি পৃথীরাজ,—পাপিষ্ঠ যবন
শঠতার মায়াজাল করিয়ে বিস্তার,
ভারতের সর্ব্বনাশ করিবে সাধন ?—
পশিবে সে দেবকণ্ঠে ঘাতক-কুঠার ?
জানিত সিরাজ কি সে পলাশি-প্রাঙ্গণে পরাজিত হ'বে ক্ষুদ্র রুটনীয়-রণে ?

(a)

জানিত কি কাপালিক পালিতা বালিকা কপালকুণ্ডলা,—বন-কুস্থম-বল্লরী— সাগর-কপোতী কিম্বা কানন-সারিকা, অকালে ড্বিবে নব জীবনের তরী ? জানিত পারিস কি সে মঞ্জু কুঞ্জ-লতা







শারদ-কৌমুদী-ময়ী ত্রিদিব-ললনা
হেলেনায় আনি গৃহে (লজ্জা-কর কথা !)
ভক্ম হ'বে ইলিয়ম—দেবেন্দ্র-বাদনা ?
জানিত কি রক্ষোরাজ জানকী-হরণ
হইবে কর্ব্যুর-কুল-নিধন-কারণ ?

(৬)

এউনির স্থ-সরঃ—স্বর্ণ পদ্ধজিনী
জানিত কি ক্লিওপেট্রা—বিত্যুত-কুমারী,
প্রস্ফুট-যৌবন-মুথে হবে অনাথিনী ?—
অকালে শুকাবে ফ্লু সরোজ স্থলরী ?
জানিত কি শকুন্তলা তাপস-তনয়া
তপোবন-বিভাময়ী—কুস্থম-কামিনী;
নৃপেন্দ্র ত্ব্সান্তে বরি—পবিত্রহৃদয়া
রাজসভাতলে হবে গঞ্জনা-ভাগিনী ?
জানিত কি জুলিয়েট—রোমিও-রতন,
ডুবিবে গরল-জলে মুকুল-যৌবন ?

(9)

ভারতের ভাগ্য-লিপি আর্য্যস্কৃত্তর জানিত কি আছে বন্ধ মদী আবরণে ? ঘূণিত অন্তিম দৃশ্য !—হলাহলময় !— পশিবে নিরয়-বহ্নি নন্দন কাননে ? অতিক্রমি সিন্ধুনদ,—ভারত পরিখা,







কে জানিত আর্য্যাবর্ত্তে দিবে দরশন—
বিদলিতে আর্য্য-বীর্য্য-স্থযশ-মালিকা,
কপটী মুণ্ডিত-মুণ্ড — শাশ্রুল যবন ?
কে জানিত ভারতের স্বাধীনতা-রবি
যবনের পাপস্পর্শে লুকাইবে ছবি ?

(b)

বেই দিন মহম্মদী বিজয়-কেতন
বিস্তৃত কাগার ক্লেত্রে হইল স্থাপিত,
বীরকুলর্যভ পৃথী ত্যজিলা জীবন,
সেইদিন আর্য্যভূমি হারা'ল সন্থিত!
সার্দ্ধসপ্তশত বর্ষ গত সেই হ'েত,
তবুও হ'লনা হাদে চেতনা সঞ্চার ?
না জানি বা কত কাল রবে এই মতে!
না জানি অন্তরে কিবা আছে বিধাতার!
সাধের ভারত এবে মহানিদ্রাগত!
কে পারে ফিরা'তে যাহা ললাট-নিয়ত ?

(5)

অইত উষার শিরে উদিয়ে তপন
প্রদোষ-প্রতীচী কক্ষে করিছে শয়ন!
অইত ভারতে সেই আর্য্যের নন্দন;
তবুও ভারত কেন চির অচেতন ?
'কেন ির অচেতন ?'—







কে ক'বে সে গুপ্তকথা, হাদির প্রতপ্ত ব্যথা কে দেখিবে হৃৎপিও করিয়ে কর্ত্তন ?— কেন আর্য্য-স্থত-অক্ষি উষ্ণ প্রস্তাবণ ? কাননের শুক সারী বাঁধিলে শৃষ্ঠালে, কে করে সন্ধান তার প্রতি মর্মান্থলে ?

বিধিরে।

না জানি কতই দোষী অভাগী ভারত তোমার চরণতলে!—কব তা কেমনে ? হৃদয়-শোণিত তার কেন বা সতত তুলিয়ে আহুতি দি'ছ জ্বলন্ত জ্বলনে ? এসহে পথিক! দেখ ভারতের দশা! সরলা বালার এই মুমূর্য শ্রন! কাঁপিবে হৃদয়তন্ত্রী,—ঝরিবে সহসা দর দর জ্বধারা উছ্লি নয়ন! রাজার ঘরনী-দেহ শ্মশানের কোলে \* \* হায় আত্ম-কর্মফলে!

সত্য কি মা আর্য্যভূমি!—মহানিদ্রাগত ?
'মহানিদ্রাগত'—একি দারুণ কাহিনী!
আর্য্যস্থত-হৃদয়ের শিরাশিরা শত শত
শুনিলে হইবে নাকি বিহুয়ত বাহিনী ?
কি লিখিতেরে লেখনি! লিখিলিকি কথা





ছুর্বল বাঙ্গালী করে অনলের রেখা—
কি হেতু তুলিলি ?—(পাপ মরমের ব্যথা!)
ভারতের বিড়ম্বনা বিধাতার লেখা!
ভারকি ভারতভূমি মেলিবে নয়ন ?
পাবেকি সে দিন ফিরে ভারত-নন্দন ?
(১২)

এই যে অসাড় দেহ,— বল মা আমায়—
এ ভাবে পড়িয়ে আর রবে কত কাল ?
কাঞ্চন-কমল পড়ি লুপিত ধূলায়,—
পান্থ-পদ বিদলিত !—হায়রে কপাল !
অই যে মা !—ব্রহ্মপুত্র, মহেশ-মোহিনী,
হিমজা অলকনন্দা বিষাদবদন !
প্রায় অর্দ্ধ-শুক্ষ দেহ, দিবস যামিনী
ছঃখের কল্লোলে ভাসি করিছে রোদন !
নীরব ভারত-কুঞ্জে মধুকরতান !
"—ভারত—ভারত ?"—এবে স্বধুই শ্মশান!!
(১৩)

আর্য্যভূমি !— মা আমার ! চাও একবার ! বারেক চাওমা খুলি মুদিত নয়ন ! প্রতি হৃদিকক্ষে তপ্ত শোণিতের ধার দেখাই তোরে মা বক্ষঃ করি বিদারণ ! গলার দাসত্ব রজ্জু,—শতখণ্ড শির,— পৃষ্ঠের কলস্ক-রেখা,—হস্তের পালক—







(শেত-হংস-পুচ্ছ)—ক্লিস্ট নয়নের নীর !— শোক-তাপ-জর্জ্জরিত হৃদয়-ফলক ! উন্মাদ ! দেখিছ কিরে মায়ার স্বপন ? আর কি ভারত-মাতা মেলিবে নয়ন ? (১৪)

জাগিবেনা ?—তবে কি মা চিরনিদ্রাগত ?
সত্যই দেখিছি কিরে মায়ার স্থপন ?
আশার স্থবর্ণ দীপ আজো শত শত
জ্বিছে মন্দিরে তব স্থধু ?—অকারণ ?
বিংশ কোটী স্থত মাতঃ ! সতৃষ্ণ নয়নে
রয়েছে ওমুখ চেয়ে ;—দেখিতে কেবল
জাগ্রত মূরতি তব ;—স্নেহের বন্ধনে
ঝরিছে নয়নপথে ধারা অবিরল।
মা বিনে মা! হৃদয়ের ছঃথের লহরী
কাহারে দেখাব আর মনঃপ্রাণ ভরি ?
(১৫)

মহানিদ্রাগত ?—যথা চির শান্তি ধাম.
শোক, ছঃখ, মোহ, ক্ষোভ, হিং দা বিরহিত;
তথা কি মা আত্মা তব লভিছে বিশ্রাম,
জীবনের শেষত্রত করি উদ্যাপিত ?
মা তোমার জীর্ণ-শীর্ণ-ক্ষয়-স্থতগণে
বারেক নয়ন মেলি দেখিবেনা আর!
দেখিবেনা—ভাসে তারা সজল লোচনে!





পশিবে না কর্ণে তব করুণ চিৎকার ! সন্তানের ছঃথে প্রতি হৃদি-গ্রন্থি-স্থল পড়িবেনা খদি আর হইয়ে বিকল ! (১৬)

অনন্ত নয়ন মেলি দেখুক জগত !
বিশ্বের পবিত্র অক্ষে—( অদৃষ্টলিখন !)
অভাগিনী আর্য্যভূমি চির নিদ্রাগত,—
( করিয়াছে জীবনের অন্তিম শয়ন !)
এস হে ভারতবাসি !—জাহ্নবীর নীরে
দগধ-জীবন-তরী করি বিসর্জ্জন !
কি কাজ ভাসিয়ে নিত্য নয়নের নীরে ?
কি কাজ রাখিয়ে পাপ স্থণিত জীবন ?
আশার মস্তকে ভেঙ্গে পড়েছে পর্ব্বত !
আর্য্যা আর্য্যভূমি অই মহানিদ্রাগত !!

### বসন্ত-পঞ্চমী।

(5)

বাজরে বাঁশরি!—মধুর[লহরী
তুলিয়ে মধুর মধুর স্বরে;
বীণা সপ্তস্বরা: বাজ ত্বরা করি
প্রাণের সারঙ্গ প্রমোদ ভরে!







মধুর মৃদঙ্গ বাজরে মধুর,
সেতারা, রবাব আনন্দরবে;
বাজ ভেরী স্থথে ধুতুর ধুতুর
বিপুল আমোদে মাতায়ে সবে!

(२)

নাচ কলপনে ক্ষুরিত আননে
ভারত উরদে ক্ষণেক আজি;
সাজায়ে বরাঙ্গ বিমল ভূষণে
এসলো মোহিনি!—মোহিনী সাজি!
গি'ছে বর্ষ দিন অধীনী ভারত
কান্দিয়ে নিয়ত বিনত মুখে
এই দীর্ঘ কাল করেছে বিগত;
ভাগিছে আজিকে নবীন স্থখে!

(o)

শ্বেত শতদল হও বিকশিত
বিদয়ে মৃণাল-আসন-পরে;
ভারতে আজিকে ভারতী উদিত
সাধক-বাসনা-পূরণ তরে!
শারদ কোমুদী জিনিয়ে উজল
শ্বেতবরবপু!—ত্রিতন্ত্রী-পাণি!
তব হুদিপট স্থাপিবার স্থল
অতুল রাতুল চরণ খানি!







(8)

গাও পিককুল ! পঞ্চম নিক্কণে;
বাজাও প্রকৃতি বাসন্তী বীণা !
গাও মধুত্রত মধুর গুঞ্জনে;
আর্য্যভূমি আজি আমোদলীনা !
ভারতের ক্রোড়ে ভারত-নন্দন
পূজিতে ভারতী মেতেছে সবে;
অধীনতা-স্রোতে ভাসায়ে জীবন,
যাপিয়ে বরষ;—হরষ লভে!
(৫)

গাওরে মলয় হুতান ধরিয়ে,
নাচাও রদাল মঞ্জরী-দলে!
গাওরে পাপিয়া গগন জুড়য়া
ছড়ায়ে হুস্বর বিপুল বলে!
গাও ভাগীরথি! ভ রত আমোদে
মধুর মধুর লহরী তুলি;
আবার,—আবার এ নব প্রমোদে
উজাও যমুনা আপনা ভুলি!

(७)

প্রতি গৃহচ্ছে বাসন্তীকেতন উড়িছে মৃত্যল-অনিল-ভরে; প্রতি পথ ঘাট, প্রত্যেক ভবন সজ্জিত বাসন্তী কুম্বম থরে!







বাসন্তী কাঁচুলি, বাসন্তী ওড়না, বাসন্তী বসনে করিয়ে আলা, শোভিছে যতেক ভারত-ললনা!— কুন্তলে বাসন্তী প্রসূন্মালা!

(9)

ভারত-রমণী ঘন " হুলুঞ্বনি "
দিতেছে আমোদে মাতিয়ে দবে
"ভারতীর জয়" ঘত শিশুগা
দম স্বরে গায় মধুর রবে !
অই যে ভারত-হৃদয়-আদনে
রাজিছে দারদা রাজীবোপরে !
আজি মা তোমার বিষাদ বদনে
কৃচির প্রমোদ প্রতিভা ক্ষরে !

ভারতের পূজা করিতে গ্রহণ
মাতঃ বীণাপাণি! ত্রিদিব ছাড়ি
(বিচিত্র-বিলাস নন্দন-কানন)
এসেছ যতেক দীনের বাড়ী।
নাহি পারিজাত, নাহি ইন্দীবর
পূজিতে ত্রিদশ-পূজিত পদ;
নাহি ভারতের রতননিকর,
শ্রীহীন,—বিহীন গৌরবপদ







(৯)

কাব্য-রত্নাকর নাহি রত্নাকর,
বিলয়কালের কবলতলে!
স্থার লহরী, স্থমধুর স্বর,
সকলি তাসনে গিয়েছে চলে!
মধুমরী বীণা ধরিয়ে যে জন
পাতার কুটীর মাঝেতে বিস,
রামগুণ গানে ভাসা'ত ভুবন!
—নাহি সে ভারত-উজল-শশী।
(১০)

ভারতের কোল করিয়ে উজল
বোলেনা ভারত-সঙ্গীত আর
ঋষি দ্বৈপায়ণ !—খ্যাত ভূমগুল!
বেদ সংগৃহীত গুণেতে যাঁর!
বল বেদমাতা দেবি সরস্বতি!
কে আর তেমন গুলির স্বরে
গাবে সামগীতি!—তুষিবারে সতি
তোমার শ্রবণ তেমন ক'রে!
(১১)

নাহি কল-কণ্ঠ কবি কালিদাস,
মধুর মধুর কবিতামালা
নিয়ত যে জন করিয়া বিকাশ,
ভেটিত তোমায় সাজায়ে ডালা!







নাহি ভবভূতি বিদিত ভূবন, নাহিক নৈষধরচক আর ! কে আর তেমন জুড়াবে প্রবণ ছড়ায়ে স্থধার স্থতার তার !

ভারতের বীণা নীরব ভারতে !—

গোবিন্দ, মুকুন্দ, প্রদাদ আদি !

মধুকণ্ঠ মধু বিখ্যাত জগতে,

হরেছে শমন হইয়ে বাদী !

ছিল মা তোমার সাধক য'জন

বাণীপুত্র বলি ভারত-মাঝে,

অমিয়া বর্ষি জুড়া'ত ভাবণ

তাদের বাঁশরী আরনা বাজে !

(00)

ছুখিনী-ভারত-কুমার-নিচয়,
(পরের কুপায় জীবিত যারা)
কি দিয়ে মা তব তুষিবে হৃদয়
হয়েছে সকল সম্পদ-হারা!
ভেসেছে ভারত যেই অশ্রুজলে
বর্ষ দিন,—তাহে কুস্থম-মালা
ভিজায়ে তোমার চরণকমলে
দিতেছে ধরগো ত্রিদিব বালা!







#S

\$8

নয়নের জল ভারত-সম্বল

এখন জননি! কেবল আছে;
ধোয়া'ক সে জলে ওপদযুগল

ব'সো মা অভাগী ভারতকাছে!
ছুখিনী ভারত মরম-যাতনা
ভুলেছে আজিকে তোমারে পেয়ে,
ভুলনা তাহারে অমর-বাসনা।
এস মা আবার বছর চেয়ে!

## জীবন-প্রবাহ।

٥

হাসিয়ে খেলিয়ে হেলিয়ে ছুলিয়ে জীবনের ঢেউ গড়িয়ে গড়িয়ে চলেছে কালের সমীরে মাতিয়ে, মিশিতে অনন্ত সাগর-পথে! ভাতুর কিরণে, শশাঙ্ক মিলনে, জোয়ারে, ভাটায়, জলধি-চুম্বনে, হাসি মিটি মিটি! সলিল-কম্পনে ছুটীছে প্রবাহ, প্রবাহ হ'তে!

উষার শিরসে নবীন তপন হাসায়ে জগত, ছিটায়ে কিরণ,







ফুটায়ে নলিনী,—হসিত আনন !—
দেখিতে দেখিতে সে শোভা গত।
মধ্য নভস্তলে খর বিভাকর
পোড়ায়ে ব্রহ্মাণ্ড,—বিশ্বদগ্ধকর—
ছড়ায়ে,—হাসায়ে মরুভূ-প্রান্তর
উদিত!—হিরেফ নলিনীগত!

(0)

স্থনীল অম্বরে কনক লহর

ছিটায়ে আবার লোহিত ভাস্কর

লুটায়ে পড়িল !—পশ্চিম দাগর

হাদি ঝিকি মিকি গ্রাদিলা তায় !

তারাদলসহ রজনী-রঞ্জন

পোধূলির শিরে দিলা দরশন,

দেখিতে দেখিতে নিশা-আগমন !—

আবার সে নিশা পোহায়ে যায় !

(৪)

দিন, পক্ষ, মাস, যুগ, যুগান্তর,

একে একে জ্রমে হতেছে অন্তর;
জীবলীলাময়ী পৃথী চরাচর
কাল-চক্র-পথে ঘুরিছে সদা!
জীবের জীবন-প্রবাহ-লহরী,
ছুটিছে সবেগে তর তর করি;





পশ্চাতে অতীত অঙ্ক পাত করি
চলেছে ;—জীবেরা ভাসিছে সদা !

ţ

স্থথে ছথে ক্রমে কাল আবর্ত্তন কাটিয়ে চলেছে যত জীবগণ, অনস্ত দাগরে করিতে শয়ন, চির-স্থপ্তি-স্থথ লাভের তরে ! মকর, হাঙ্গর আদি রিপু যত, পদে পদে পদ করিছে বিক্ষত ! ভাগ্য-চক্র-পথে ঘুরিছে নিয়ত

> জীবগণ,—–দেহ-তরণী ভরে! ৬

" আমার সংসার,—মম পরিজন,"
বলিয়ে মানব ব্যস্ত অনুক্ষণ;
কিন্তু যেই দিন মুদিবে নয়ন,
জানেনা এ সব কোথায় রবে ?
" আমার, আমার" স্থচির ভাবনা,
( আত্ম-তত্ত্বময়ী আত্মার যাতনা,)
বুঝিবে সে দিন অসার কল্পনা,
অসার লাঞ্ছনা ভোগিত্ব ভবে!

জীবনের ঢেউ—ঝটিকা-কম্পনে, কবে মিশে গিয়ে কোন আবর্ত্তনে,







জানে না কল্পনা,—দেখেনা নয়নে
সে ভবিষ্য-পট—মানবে কভু!
কোটা কোহিন্দুর মণি বিজড়িত
স্বর্ণ সিংহাসনে আজি বিরাজিত
যেই নরবর—কালি নিপতিত
অরাতিকুঠারে সে বরবপু!

۲

ভারত-অদৃষ্ট করি বিলোকন, ভারত-সন্ততি আজি ক্ষুণ্ণমন, ঝর ঝর করি ঝরিছে নয়ন.

মাথা তুলি তবে চায়না আর ! বীরদাপে যার কাঁপিত জগত, বীর-বিরহিত আজি সে ভারত ! হংসপুচ্ছ—পর পাতুকা নিয়ত ভারত বাসীরা মেনেছে সার !

3

কি কায় কল্পনে! ঢালি সে গরল ? মাতায়ে মানস, করিয়ে বিকল ? শিরায় শিরায় ছুটায়ে অনল ?

বিফল সে কথা তুলিয়ে আর! আমাদের এই জীবনের চেউ উঠিবে মিশিবে দেখিবে না কেউ.







এই ভাবে যাবে; মিলিবে এ ঢেউ অনন্ত সাগবে, জেনেছি সার!

#### হিমাজি-শেখরে।

শ্যাম মরকতমঞ্চে হীরক-মন্দির শত-রশ্মি-বিভাসিত ;—কৌমুদী প্রাচীর নন্দন-অলিন্দে যথা নয়ন-রঞ্জন। প্রকৃতি-হৃদয়-কক্ষ মনোজ্ঞ-ভূষণ! ভারত-বিক্ষত-শীর্ষে কাঞ্চন-টোপর মুকুতামণ্ডিত !—স্ফুট নবেন্দু স্থন্দর! বিদারি রজত-উৎস শ্বেতামু-লহরী ঢালিয়াছে ব্ৰহ্মপুত্ৰ,—সিতাংশু-শেখরী পতিতপাবনী গঙ্গা !---সান্ধ্য সৌর কর ফুটায়েছে প্রতি বর্ণে বর্ণ মনোহর! ফুটিয়াছে অমরার কুস্থম ভাণ্ডার মর মরতের তলে —বিনোদ-বাহার! ছড়ায়ে নিদর্গ-কক্ষে স্থধার লহর উঠিয়াছে দ্বিজ-কুল-কাকলীর স্বর! ভাসিতেছে স্তরে স্তরে কাদম্বের রেথা, नौलिम फलाक यथा ठाक-ठिज-(लथा ! কোথা ঘন ঘনবিভা করি দরশন.







প্রমত্ত শিথতীকুল পুচ্ছ প্রকটন করি দেখাইছে নব নক্ষত্রমণ্ডল ! ত্রিদিব-কনক-পুষ্প স্বভাব-উদ্ধল ! চকিত কেশরীকুল কন্দর-নিলয়ে, লেলিহান রক্ত জিহ্বা!—ভীম অক্ষিদ্বয়ে ছুটিছে বিহ্যাৎ-অগ্নি—বিস্ফ্রালঙ্গ সম! কুঞ্চিত কপিল শটা,—ভীষণবিক্রম ! মদলসকরী কোথা করেণু সহিত ঢালি মদ-ধারা, চক্ষু করি নিমীলিত রয়েছে দাঁড়ায়ে, যথা দ্বিতীয় অচল ! কোথা করীক্ষিপ্ত রজে স্তব্ধ নভস্তল! অনন্ত শাদ্বল, মৃগ, বরাহ, গণ্ডার ভ্রমিছে অনন্ত-পথে,—দৃশ্য চমৎকার! ছুটিছে নিঝ রকুল ' কুল কুল' স্বরে, ছড়ায়ে মুকুতাহার দূর-দিগন্তরে! প্রকৃতির সেই রম্য বিলাস-ভবন— ধবল হিমাদ্রি-শিরে—( সহস্র কিরণ সান্ধ্য করে গাঁথি যথা হীরা, পান্না, লাল, কাঞ্চন, রজত, মণি, মুক্তা, প্রবাল ছড়ায়েছে স্তরে স্তরে )—বসি পুষ্পাসনে নবীন যুবক এক যুবতীর দনে বাজায়ে বিনোদ বীণা ত্রিভুবন ভাসে! किन्नत-मिथून यथा मन्नत-दैकलारम !



これには対抗ないのでは、これのはないないないのできないが、それのはないになっている こうりん





বীণার স্থতন্ত্রী-তানে করিয়ে মিঞ্রিত
যুবক যুবতী কণ্ঠে মধুর সঙ্গীত
উঠিয়াছে, ছুটিয়াছে দিগ দিগন্তরে
ঢলিয়ে ঢলিয়ে মূহ অনিলের ভরে!
পাঠক!—মানস তব হয় কি বিকল?
চাওকি শুনিতে সেই সঙ্গীত তরল?
এস তবে স্মৃতি-কক্ষ করি উদ্ঘাটন
শুনাই তোমায় সেই মধুর নিম্বন!

" এই কি ভারত বিরদ বদনে,
করিছে নয়নে আসার ধারা!
হায়রে স্থথের অমরা-ভবনে
কুটিয়ে উঠেছে স্থথের পারা!
নাহি ভারতের রাজরাণী বেশ,
যেরপে জগত উঠিত মাতি!
আজি ভিকারিণী এলুলিত কেশ,
পড়িয়ে রয়েছে আঁচল পাতি!
ক্বেররক্ষিত অলকা-ভাণ্ডার
দম্যদল মিলি করেছে চুরি!
কাড়ি হেম-কণ্ঠি ভারত-মাতার
কে যেন গলায় দিয়েছে ছুরী!
অই ভারতের যতেক কুমার
ধূলায় লুটিয়ে কাঁদিছে সবে;







না জানি বিধাতঃ! কত কাল আর এভাবে উহারা পড়িয়ে রবে ? বাজ বীণা আজি গভীর নিম্বনে, চেতিয়ে উঠুক অবশ প্রাণ! इंद्रेक विजनी गगरन गगरन শুনিয়ে তোমার সে ভীম তান! অনল-স্ফুলিঙ্গ প্রতি তন্ত্রী-ঘাতে ঝরুক !—কাঁপুক অনন্ত-ধরা ! বাজ বীণা!—তোর আরাব সম্পাতে চেতুক ভারত জীয়ন্ত-মরা! ' জাগ জাগ জাগ ভারত-সন্ততি ঘুমঘোরে আর রহিবে কত ?' ধর বীণা এই মঙ্গল আরতি, জাগুক ভারত-কুমার যত! হিম, সহ্য অদ্রি হ'ক কম্পমান. **ज्**लूक वर्षा मागत-जला! শত কুটি হ'ক বিস্ক্যের পাষাণ, কাঁপুক বাস্থাকি ধরণীতলে!

সহসা থামিল বীণা (নীরব জগত!)
কাঁপিল হিমাদ্রিকক্ষ,—কাঁপিল ভারত!
ছুটিল উজান ধারে জাহ্নবীর নীর,
মর্ম্মাহত খেতধ্বজ হ'ল শত্তির!







উড়িল কুস্থম-শব্যা আচ্ছাদি গগন!

ডুবিল সাগরনীরে আরক্ত তপন!

প্রকৃতির রঙ্গাগারে পড়িল থসিয়ে

ধূত্রময়ী যবনিকা, বিশ্ব আবরিয়ে!

খুলিল অমরা দ্বার, বাজিল আরতি,

চলিল সে পথে সেই পুরুষপ্রকৃতি!

গিরিবত্মে শ্রমক্লান্ত যুবা এক জন

হেরিলা জাগ্রতে এই উৎকট স্বপন!

#### সুখ-সপ্প।

( > )

ভাঙ্গিয়াছে অভাগার স্থণদ স্থপন,—
স্থচির সঞ্জাত আশা !—মানস-সীমায়
উঠিয়াছে নিরাশার তরঙ্গ ভীষণ !
বায়ুক্ষিপ্ত বারি যথা বারিধি-বেলায় !
(২)

চলিয়াছ দিনমণি! সাগর-শয়নে;
যাও দেব! এ জীবনে অন্তিম সাক্ষাৎ
এই পূর্ণ তব সনে;—ওদেবচরণে
করিল অভাগা এই শেষ প্রণিপাত।
(৩)

কালি যবে পূর্ব্বাসার গগন-তোরণে উদিবে নলিনীনাথ! দেখিবে তখন







এ পাপ জীবন-স্রোত অনন্ত-জীবনে হয়েছে বিলয়,—ত্যজি সংসার-বন্ধন!

সংসার! — জ্বলন্ত চিন্তা! — অনল-প্রবাহ,
স্তবে স্তবে ভাসমান! — মায়ার মন্দির!
—প্রতপ্ত-গরল-পূর্ণ যাতনা কটাহ।
কে চায় ? — ত্যজিব ইহা করিয়াছি স্থির!

(৫)

শশিম্থি!—কেন আর ভাসাও বসন অবিরল নেত্রনীরে ?—মুছ এক বার। দেথে যাই পুনঃ ফুল্ল-সারোজ-আনন, বিলোল লোচনে সেই বিদ্যুৎ-সঞ্চার!

প্রাণাধিকে! প্রেয়সিরে!—জীবন-বন্ধন ছিন্নপ্রায় অভাগার!—অন্তিম শয়নে চলেছি ঢালিতে দেহ—ভেঙ্গেছে স্বপন! জন্মশোধ এই দেখা আজি তব সনে!

প্রণয়ের পূর্ণ শশি !—েপ্রেয়দি আমার !
উঠ একবার ! —চাই বিদায় এখন !
আগার দলিল-পূর্ণ আনন তোমার
হেরিয়ে কাঁদিছে হুদি, দহিছে জীবন !







(b)

দেশাচার-গরলের ভীষণ প্লাবনে ভাঙ্গিয়াছে অভাগার আশার বন্ধন ; জেনেছি এ পাপ রাজ্যে কভু তব সনে হবে না মিলন !—তাই খুলেছে নয়ন!

(৯)

যাওলো প্রেয়সি ঘরে !—চলেছে যুবক ত্যজিতে জীবন-ভার জাহ্নবীর নীরে ! ভাঙ্গিয়াছে স্থথ স্বপ্ন—মোহের চমক ; মানস-বন্ধন-তন্ত্রী গেছে সব ছিঁড়ে।

(>0)

সাধের প্রতিমা যেই হুদি স্তরে স্তরে করেছি স্থাপিত, তাহা বিস্মৃতির জ্বলে দিতে বিদর্জ্জন চির জীবনের তরে উঠিছে তুফান।—পাপ অদৃষ্টের ফলে।

(>>)

মূঢ় লোকে জানিবে কি যে দৃঢ় বন্ধনে
চিরবদ্ধ এ হৃদয়!—স্বপ্নাতীত আশা,—
তোমার মোহিনী মূর্ত্তি এ হৃদি-দর্পণে
হবে লয়;—ঘুচে যাবে চির ভালবাসা!
(১২)

চাইনা সংসার ৷—যথা পাপ দেশাচার তুলিছে গরল-মুখে ভীষণ অনল !







বিদায় দাওলো প্রিয়ে।—বিদায় আমার!—

(>0)

সম্বর নয়ন-পথে নয়নের জল!

জগদীশ স্থাংথ রেখ স্থশীলা বালায়;—
অভাগা চলিল চির জীবনের তরে।
উঠ প্রিয়ে!—হাসিমুখে দাওলো বিদায়!
জন্মশোধ দেখে যাই মন প্রাণ ভরে।

(82)

আরনা !— চুর্বল মন ভীম ঝঞ্চাবলে
হ'তেছে চঞ্চল ক্রমে !— বিদায় এখন !—
ছুটিল উন্মত্ত যুবা ; — জাহ্নবীর জলে
পড়িল ঝাঁপিয়ে,—ভঙ্গ স্থথের স্বপন !

# আৰ্য্য-প্ৰদীপ \*।



(5)

কোথা আর্য্য ?—আর্য্যনাম-গোরব-প্রদীপ ? তবে কেন আর্য্যাবর্ত্তে জ্বলে আর্য্য-দীপ ? উন্মন্ত যুবক !—কিবা করিছ দর্শন কল্পনার বিভীষিকা !—জাগ্রত স্বপন ?

 <sup>\* &</sup>quot;আর্বাপ্রদীপ" নামক মাসিক পত্র প্রকাশ কালীন সেই উপলক্ষে
 এই কবিতাটী লিখিত হয় 1



ক্ষান্ত হও ভ্রাত্বর ! মিছে কেন আর ভস্মস্ত প ধারে বিদ করিবে ফুৎকার ? যে দিন কাগার-ক্ষেত্রে যবন তুফান করেছে স্ববলে আর্য্য-প্রদীপ নির্ব্বাণ ; দেই হ'তে আর্য্যভূমি চির অন্ধকার ! বিফল প্রয়াদ তবে কি হেতু তোমার ?

(२)

শুনিয়ে ওকথা তব কাঁদিছে হৃদয়!
জাগিছে শ্বরণ-ক্ষেত্রে গত অভিনয়!
আর্য্য-বার্য্য-গোরবের প্রোজ্জ্বল প্রদীপ,
উজলিছে কালে কত দ্বীপ উপদ্বীপ;—
সাগর-তরঙ্গে রঙ্গে—শৈলেন্দ্র-শিখায়,
লোলাইয়ে দীর্ঘ-জিহ্বা প্রদীপ্ত প্রভায়!
সে স্থথ স্থদিন সথে নাই হে এখন!
(ভারতের ভাগ্যপটে বিধি বিড়ম্বন!)
ঘোর তমাচ্ছন্ন এবে ভারত-আগার;
বিফল প্রয়াস তবে কি হেতু তোমার?

(0)

পরশিত যার তেজ ত্রিদিব-তোরণ,
সে আর্য্য-প্রদীপ-প্রভা বিলুপ্ত এখন!
মলিন ভারত-মুখ!—ছুখনিশীথিনী
হইয়াছে ভারতের গৌরব-গ্রাদিনী!





হীনবীর্য্য আর্যাকুল স্থানিত জীবন,
দাসত্ব-কলস্ক-কুণ্ডে করেছে ক্ষেপণ!
বিষাদ-কালিমা আদি করিয়াছে গ্রাস,
ভারতের স্থথ-তারা—(সৌভাগ্য-বিভাগ!)
বিধির বিধানে আর্য্য-ভূমি অন্ধকার।
বিফল প্রয়াস তবে কি হেতু তোমার ?

(8)

কালের-কলঙ্ক-রেখা-অঙ্কিত বদন,
দীপালোক প্রকাশিতে কে করে মনন ?
প্রেমের পিপাসা যথা—মদিরা, বিলাস!
কি কায তথায় আর্য্য-প্রদীপ-প্রকাশ ?
কিন্ধা যথা অমাভাবে কণ্ঠাগত প্রাণ,
জীবন-প্রদীপ অই হ'তেছে নির্ব্বাণ!
তথায় জ্বালিয়ে দীপ কি ফল এখন ?
কি ফল প্রদীপে যার শৃষ্থল ভূষণ ?
ভারতের ভাগ্যে এবে দীর্ঘ কারাবাস।
কি হেতু তোমার তবে বিফল প্রয়াস ?

( @ )

ছিন্ন পশু-মুগু যথা চণ্ডীর সদন,
দীপযুক্ত করি দবে করে সমর্পণ;
তেমতি কি দপ্রদীপু আর্য্যমুগুবলি,
করিতে অর্পণ এত হ'লে কুতৃহলী?







সাধের প্রদীপ তবে জ্বলুক তোমার;
ধর দেবি অগ্রে তব নব উপহার!
আর্য্যকুল-হাংপিণ্ড করিয়ে কর্ত্তন,
দেবীর চরণ তলে কর সমর্পণ!
এ কাজ যদ্যপি নার করিতে উদ্ধার,
বিফল প্রয়াস তবে কি হেতু তোমার ?

(৬)

চন্দ্র-সূর্য্য-বংশে চন্দ্র-ভাক্ষর-সন্ধাশবীর্য্য-বর্ত্তিকায় আর্য্য-প্রদীপ-প্রকাশ
হইত যে দিন ;—মেলি অনন্ত নয়ন
হাসিত অনন্ত নভঃ ।—দিগঙ্গনাগণ
করিত কুস্থম-রৃষ্টি ভারতের শিরে !
এখন তুখিনী ভাসে নয়নের নীরে !
সেই চন্দ্র-স্থ্য-বংশে হায় রে এখন
জন্মিয়াছে হীনবীর্য্য স্থণিত নন্দন !
ব্যাপিয়াছে আর্য্যভূমি যত কুলাঙ্গার
বিফল প্রয়াস তবে কি হেতু তোমার ?

(9)

আই দেখ !— চক্ষু মূদি আর্য্য-স্থতগণ
তিমির-প্রবাহ-পথে ঢেলেছে জীবন !
আলোকে তিলেকমাুত পুলক না হয়,
জ্বালি' তবে আর্য্যদীপ কিবা ফলোদয় ?







হয়েছে নৃতন কাল !—নৃতন ধরণ !
দাসত্বের প্রিয় শিষ্য আর্য্যের নন্দন !
—নাহি লজ্জা, নাহি জ্ঞান, নাহি মানভয়,
তিরস্কারে পুরস্কার !—ঘুণিত-আশয়।
শির পাতি সহে শত পাছুকা প্রহার,
বিফল প্রয়াস তবে কি হেতু তোমার ?

(b)

তাই বলি ভাতৃবর! কায নাই আর,
আর্য্য-কারাগারে আর্য্য-প্রদীপ প্রচার।
অনন্ত কালের অঙ্কে হইয়াছে লয়
ভারতের দে সম্পদ —গর্বর সমুদয়!
ভারত রতন-প্রস্—ভূলোক-নন্দন।
অতীতের বিভীষিকা।—অলীক স্বপন!
পাই যদি সেই দিন,—জীবন-বিলাদ!
আনন্দে করিব আর্য্য-প্রদীপ প্রকাশ!
হাসিবে ত্রিদশর্ক।—দেখিবে জগত,
আর্য্য-দীপালোকে পুনঃ হাসিছে ভারত।







## সেই কথা।

(5)

/ প্রেয়সিরে!

"সেই কথা"—মরমের প্রতি স্তরে স্তরে,

—স্মৃতির বিশদ রেখা,— কালের কলঙ্ক-লেখা,→—
আজিও দিতেছে দেখা ঝক্ ঝক্ ক'রে।
আজিও কাঁদিছে প্রাণ, "সেই কথা" শ্মরে!
(২)

প্রেয়সিরে।
ছাড়িয়ে এসেছি তোমা দূর দেশান্তরে;
প্রেমের অমিয়া-মাথা,— শারদের পূর্ণ রাকা—
সেই প্রেমময়ী মূর্ত্তি!—মানস-অন্বরে,
আজিও ভাসিছে প্রিয়ে পূর্ণ কলেবরে।
(৩)

প্রেয়সিরে।
বিশুদ্ধ কাঞ্চন-কান্তি অনল দাহনে—
প্রদীপ্ত প্রতিভা যথা, এ দগ্ধ হৃদয়ে তথা,
স্থবর্ণ প্রতিমা মম!—বিচ্ছেদ-জ্বলনে
উজ্বলিত মূর্ত্তি তব—স্থধাংশু-বদনে!

ে<sup>(৪)</sup> প্রেয়সিরে! সেই বিদায়ের—সেই সজল লোচন<del>—</del> উচ্ছ্বসিত হুদি সিন্ধু— অনস্ত মুকুতাবিন্দু,





প্রতি হৃদি-গ্রন্থি-সূত্রে করেছি গ্রন্থন।
—"সেই কথা''—
আজিও করিছে প্রিয়ে স্মৃতি উদ্দীপন।
(৫)

প্রেয়সিরে!

"সেই কথা''—বিদায়ের শেষ বিজ্ঞাপন,—
হৃদয়ের তারে তারে, ঝক্ষারিছে বারে বারে,
নন্দন-নিস্ত-স্থর-কিন্নরী-নিস্বন,
আজিও মোহিছে হৃদি!—বিমুগ্ধ শ্রাবণ!

প্রেয়সিরে!

বাঙ্গালি-জীবন—পাপ—চির পরাধীন! 
ছুকড়ার আশা ক'রে, চির জীবনের তরে 
দাসত্ব সমুদ্র-গর্ত্তে হয় রে বিলীন! 
বিদেশে বিদেশে ভ্রমি তন্তু করে ক্ষীণ!

প্রেয়সিরে।

এই—দূর দেশান্তরে অভাগা সম্বল,—
ক্রেশিত হৃদয়-স্ফূর্র্ডি, তোমার বিশদ মূর্ত্তি!
বিদায়ের সেই কথা—অমিয় তরল
—প্রান্তরের পান্থ-পাশে পানীয় শীতল!

প্রেয়দিরে!

প্রীতির পরাগ-পূর্ণ প্রক্ষুট অধরে,







( স্থধা স্থৱক্ষিত যথা )—ক্ষ্ৰুট প্ৰণয়ের কথা, নৰীন যৌবন-মুখে—এশ্ৰুতি বিবরে পশিল যে দিন!—আজো জাগিছে অন্তরে!

(5)

দেইদিন,—প্রেয়দিরে !

অভাগা জীবনে মাত্র নন্দন-বিলাস !—

ত্রিদিব মদিরা স্রোত, হুদি করি ওতপ্রোত,

শিরায় শিরায় বেগে পাইল প্রকাশ !

(নবীন-যৌবনে নব প্রণয়-উচ্ছ্বাস !)

(১০)

প্রেয়সিরে !

অন্তরে অন্তরে জাগে সেই কথা তব ;—

"—আমার জীবন-আশা, জীবনের ভালবাসা,
প্রাণনাথ ! তব পদে সঁপিয়াছি সব !—"
পাইল দরিদ্র যেন ত্রিদিব-বৈভব !

(>>)

প্রেয়সিরে !
স্থদূর প্রবাস বাসে যেই দিন আর,—
স্মারিতে বিদরে হিয়া,— হুদি বলিদান দিয়া
লভিমু বিদায় !—সেই প্রেয়সি তোমার
বিদায়ের—'সেই কথা'—
আজিও স্মারণক্ষেত্রে জাগে অভাগার !





(52)

প্রোয়সিরে !—'সেই কথা'—
হৃদয়ের প্রতিকক্ষ করিছে দাহন !
"চলিলে বিদেশে নাথ! অভাগীরে বজ্রাঘাত!
দে'খো নাথ! কভু যেন নাহয় ঘটন,
'ধন আকাজ্ফায় তব—অবলা নিধন!

(50)

"জানত প্রাণেশ!—
এ সংসারে অভাগীর নাহি হেন জন, –
বুঝিবে মরম ব্যথা, কবে ছু'টো স্নেহ-কথা,
তুমিই দাসীর মাত্র জীবন-জীবন!
বিদেশেও ইহা যেন থাকেহে স্মরণ!"

প্রেয়সিরে!

সেই কথা!—সেই দেখা!—চারি চক্ষু জল !
(প্রণয়ের উপহার!)—স্মৃতি পথে বারন্বার
আজিও উদিছে;—হৃদি করিছে বিকল!
আজিও
বিরলে অভাগানেত্রে বহে সেই জল!

(50)

প্রেয়দিরে!

"সেই কথা ''—বিদায়ের শেষ সম্ভাষণ— কি আর বলিব প্রিয়ে! মথিত করিছে হিয়ে!





প্রত্যেক হৃদয় তন্ত্রী করিছে শিঞ্জন। ভূলিব না ' সেই কথা ' থাকিতে জীবন! 🏄

-3·8·E

### কমলা।

**(**>)

মানস-সরস জাত কাঞ্চন কমলে
কনক বরণা, লোহিত বসনা,
মাধব বাসনা অই !
হুবর্ণ মূণালে হৈমমূণালিনী—
হুর্ণ করতল-ক্রচি বিভাসিনী !
ত্রিদিব সম্ভার, পারিজাত হার
উন্নত-উরস শোভিত বামার !
মন্দারমঞ্জরী শ্রবণ মূলে ।

(२)

ভূষিত বরাঙ্গ অমর-ভূষণে—
বিজ্ঞলীবিভাস রতন কাঞ্চনে!
বারুণী প্রদত্ত মোক্তিক-মালিকা
কন্মু-কণ্ঠে ধরি বারিধি-বালিকা
হসিত বদন!—কবরী শোভন—
হরি হৃদয়ের কৌস্তুভ রতন।
কাঞ্চন-মঞ্জীর, রতন বলয়,







রাতুল চরণ,—কর উজলয় !
নয়ন ধাঁধিয়ে হীরকের হার
থাকে থাকে থাকে শোভিছে বামার।
সচল চপলা যেন রে অচলা !
বিরাজিতা অই কমলে কমলা!

(o)

ত্রিদিব-নেরিভ-রাশি মলয় পবনে

ঢলিয়ে ঢলিয়ে পড়িছে উছলি।

পশিছে মরম তলে।

নাচিছে চৌদিকে স্বরগ ষোড়ধী
রস্তা, তিলোভমা, মেনকা, উর্বাশী;—
গাইছে কিন্নর—স্থক্ঠ গায়ক।
বাজাইছে যন্ত্র ত্রিদিব-বাদক—

গন্ধর্ব্ব নিকর প্রফুল্ল মনে।

(s)

ধূপ ধূনা ধূমে পূরিত গগন!
অগরু, চন্দন, পূচ্প অগনন—
গল্পে আমোদিত দিগঙ্গনাগণ!
স্থতান পঞ্চমে, ললিত নিৰুণে
পাপিয়া ডাকিছে পাশে;
শত দল-দলে ভ্রমে দলে দলে
মধুপ;—মধুর আশে!







(4)

দক্ষিণ চরণ চাপি বাম পদে
(স্বর্ণ-সরঃ যথা স্ফুট কোকনদে;)
কাঞ্চন-কমলে (স্বর্গ-মধুরিমা।)
দাঁড়াইয়ে অই বিছ্যুত প্রতিমা!—
মাধব-মোহিনী—রমা!
বাঁধুলি-বিভাস অধরের তলে
মুহুহাসি যথা সায়াহ্ন সলিলে
রবির প্রতিভা!—ত্রিলোক-রমা

(७)

ওপদরাজীবে নমি নারায়ণি!
হেরমা অপাঙ্গে ত্রিলোক-জননি!
শুটিকত কথা শুধা'তে তোমায়
এসেছি জননি! আজিকে এথায়
বল বিশালাক্ষি!—বারিধি-বালিকা!
তুমি নাকি যত জীবের জীবিকা?
বলমা আমায়।—

ত্রিলোকের যত ঐশ্বর্য ভাণ্ডার
সব নাকি আছে অধীন তোমার ?
সত্য যদি, বল তবে, ভারত নিবাদী সবে,
'হা অন্ন।' বলিয়ে কেন করিছে চীৎকার ?
কিপাপে সোণার রাজ্য যায় ছারখার ?







(9)

বলমা আমায়!--অনন্ত রতন-গর্মে ভারত ভবন, কেন এবে শূন্য-কোষ, সদা তুর্ভিক্ষের রোষ! অঞ্র উপরে অশ্রু নহে নিবারণ ভারতবাসীর চক্ষে !—বল কি কারণ ?

(b)

বলমা আমায়! -ভারতের যত ঐশ্বর্যা ভাণ্ডার— কেন লুটে নিলে ?—কি দোষ তাহার ? রাজরাণী যেই ছিল এক কালে, শত-গ্রন্থি বাস তাহার কপালে! স্থবর্ণ পর্যাঙ্ক ছাড়িয়ে ধূলায় লুটে অভাগিনী !—ছিন্ন কম্বাগায় ! বল দয়াময়ি!—একোন বিচার ?— ভারতের শিরে—শানিত কুঠার!

যারপাশে ধন গর্বেব নতশির ধরা ছিল এক কালে! আজিকে তনয় তার, ভূমে পড়ি হাহাকার করিছে অন্নের দায়, কেহ না জিজ্ঞাদেতায়। বলমাতঃ ! এই শেষে ছিলকি কপালে গ

(5)







(>)

আজিও ভারত ষোড়শোপচারে
হুদি-দান দিয়ে পূজিছে তোমারে!
আজিও ভারত প্রতি অশ্রুজনে
প্রকালিছে তব চরণ কমলে!
আজিও ভারত কুস্থম চন্দনে
ভক্তি উপহার দি'ছে ও চরণে!
আজিও ভারত মাতোর মন্দিরে,
জ্বালিছে প্রদীপ হুদি-গ্রন্থি ছিঁড়ে!
আজিও ভারত সজল-লোচনে,
তোমার করুণা যাচে প্রতিক্ষণে!
তবু কেন সতি!—দরা বিতরিতে
অভাগী ভারতে—পাইনা দেখিতে?

শুনেছি কমলা সতত চঞ্চলা, নীরদ হৃদয়ে যেমন চপলা!

সত্য কিমা ?—
ক্ষণে ক্ষণপ্রভা মুদিত, ক্ষুরিত,
তুমি কেন মাতঃ! চির নিমীলিত
ভারত গগনে ?—কি পাপ ফলে ?
শুন মা বেদন!—কর বিলোকন!—

অই যে অনাথা— ভারত ভাগিছে নয়ন জলে!







(১২)

আর—বলমা আমায়!—
ভারতীর যত প্রিয় স্থতগণে
কেন দহ সদা দীনতা দহনে ?
ভিক্ষুক বাল্মীকি ব্যাস, দাস্য রত কালিদাস,
—ভারত কবিতা কুঞ্জ স্থকণ্ঠ গায়ক!
কেন সে কুস্থম গেহে দীনতা পাবক ?

(50)

থীসের গোরব রবি স্থকবি হোমর
দরিদ্রের এক শেষ !—
বলমা কিহেতু, শুনিতে বাদনা;
বাণা পুত্র দলে কেন এ লাঞ্ছনা ?
সেক্সপীর কবি কেন জ্বালাতন
সংসার কুচক্রে ?—বল কি কারণ
দীনতা-সেবক স্থকবি জন্সন্
কি পাপ ফলে ?

( \$8 )

গোবিন্দ, প্রসাদ, চণ্ডী, ভারতের দশা
জানি মা সকল।
বঙ্গের কপাল-দোষে, ত্রিলোকে কুযশ ঘোষে
দাতব্য-চিকিৎসা-গৃহে মধুর নিধন।



**७**२

( ফুতন নিদৰ্গ-তন্ত্ৰী নবীন বাদক ;—) ছিল যেই—

আঁধার বঙ্গের এক উজল রতন !

(30)

জোধ-ঈর্ষা-বিরহিত ত্রিদিব-নিলয়ে
আছে কিমা সপত্মী-বিদ্বেষ ?
জানিতে বাসনা তাই !—বলমা শুনিয়ে যাই
বলিব মায়ের কাছে সপত্মী-স্বভাব !
বুঝিবেন মাতা
অভাগা-অদৃষ্টে নাহি ঘুচিবে অভাব !

# উন্মাদিনী।

(5)

চাঁদের কিরণে যমুনা-পুলিনে,
কেরে ওকামিনী ছুটি ছুটি যায় ?
কখন হাসিছে, কখন কাঁদিছে
কখন লুঠিছে ধরার গায় !
চাঁদের চাঁদিমা, সোণার প্রতিমা,
বিদ্যুৎ-বল্লরী ! — রমণী-রতন !
আলুথালু কেশ, পাগলিনী-বেশ,
বুঝি উন্মাদিনী ?—উদ্ভান্ত-মন !







( १ )

চল সোদামিনী, কুস্থম-কামিনী,
যমুনার শ্বেত-সৈকত-চারিণী;
নাচিছে হাসিছে, করতালি দি'ছে,
কভু দোলাইছে মৃণাল-পাণি!
মূরতি মতন, দাঁড়ায়ে কথন;
অপরপ-রূপ।—নিশ্চল-লোচন!
কভু থাকি থাকি উঠিছে চমকি!
পীন বক্ষঃস্থল কাঁপিছে ঘন!
(৩)

নিদর্গ-গগন ছাড়িয়ে নয়ন
অনন্ত রাজ্যেতে কভু ছুটি যায় ;—
কভু আশে পাশে তরাদে তরাদে
কি যেন তালাদি পায়না হায়!
কি যেন শুনিতে, ক্ষণে দচকিতে
পাতয়ে প্রবণ!—পুনঃ আরবার
ছুটে ইতি উতি, বিদ্যুতের গতি;
চায় না পশ্চাতে ফিরিয়ে আর!
(৪)

কভু বা যতনে ফুল অবচয়ি,

সাজি বনদেবী,—হাসে খলখলে!

কভু উমোচিয়ে—কান্দিয়ে কান্দিয়ে
ভাসায় সেফুল যমুনাজলে!







কভু ষমুনায় ভাকে "আয়—আয়"—

"সই!—সই!" বলি হাতথানি তুলি!

কভু রোষভরে তরজন ক'রে,

মুঠি মুঠি তায় ক্ষেপয়ে ধূলি!

(৫)

স্থল-কমলিনী যথা দিনমণি
থরতর করে শুকাইয়ে যায় ,—
(নিদাঘ-তাপিতা বাসন্তী লতিকা)
অই পাগলিনী—ছুটিছে হায় !
নবীন যৌবনে, নব সন্মিলনে,
নবীন প্রেমের নব স্থথ-শিরে,
বুঝি বজ্রাঘাত হয়ে অকস্মাৎ,
হদয়ের তার গিয়েছে ছিঁড়ে!
(৬)

আশার শিকল ছেদনে বিকল,
মরমে মরমে জ্বলিছে অনল !
শোকের হুতাশ, ভাবনা বাতাস
বহিছে !—ছুটিছে নয়নে জল !
অনস্ত সংসার, হয়েছে অসার
বালিকা-জীবনে !—ভাগ্য-লিপি-ফলে !
যথা দিশা হারা প্রদোষের তারা,
ছুটিয়ে পড়েছে ধরণী-তলে !







(9)

আয় পাগলিনি! নবীনা যোগিনি।
অভাগা বঙ্গের বিষাদ-ভূষণ!
আয় কাঙ্গালিনি, বঙ্গ-বিরহিনি।
নিদর্গ-ভাণ্ডার—অমূল ধন।
আয় আয় তোরে দেখি আঁখিভরে
বঙ্গ-পর্ণাগারে—অলন্ত জ্বলন!
পুলিনে পুলিনে, কেন নিশি দিনে
ভ্রম অভাগিনি?—কি প্রয়োজন?

পিঞ্জরের পাথি! যাওলো পিঞ্জরে!
দেখি দশা তোর হৃদয় বিদরে!
কোমল-হৃদয়, যাতনা-নিলয়,
হেরি অঞ্চধারা কার না ঝরে!
ছিন্ন-তন্ত্রী-বীণে! আর বাজিবিনে
ভব-রঙ্গালয়ে,—স্থমধুর স্বরে!
অস্তগত রবি, নলিনীর ছবি
বিষাদ-মলিন!—স্থচির তরে!

## শ্বশান-বালা।

(5)

প্রতীচীর প্রান্তশায়ী সহস্র-কিরণ ! উন্মুক্ত অমরা-দার ;—রক্ত যবনিকা







করিতেছে প্রকৃতির মানস নোদন !

হ'তেছে কাঞ্চন-রৃষ্টি !—ত্রিদশ-বালিকা
জ্বালিছে একটী দীপ গগন-প্রাঙ্গণে !
কনক-কুস্থম-হার জাহ্নবীর নীরে
ভাসিছে ;—হাসিছে বিশ্ব !— দিগন্ত-কাননে
নীরব নিসর্গ-যন্ত্র ক্রমে ধীরে ধীরে !
ফুরাইছে দিনেশের দিবা আবর্ত্তন !
সরঃ-হৃদে শতপত্র মুদিত আনন ।

( २ )

অদূর জাহ্নবী-তীরে এমন সময়,
জ্বলিছে শাশান এক ধক্ ধক্ করি!
(আর্য্য-কুল-শেষ-শয্যা—পবিত্র-নিলয়!)
কাঁদিছে বদিয়ে পাশে একটা স্থানরী!
শরতের পূর্ণশা হায়রে যেমন
বিধৃত-রজত-কান্তি,—পবিত্র-বিভাস—
কাল নীরদের কোলে হয়েছে মগন!—
তেমতি বামার মূর্ত্তি পাইছে প্রকাশ!
বিষাদ-কালিমা-মাখা ফুল্ল কুমুদিনী!
নীরবে নয়ন কোণে বহে নির্মারিণী!
(৩)

যেন কোন কারুকর চারু পুত্তলিকা নির্মা'য়ে রেখেছে অই মন্দাকিনী-তীরে। শারদ উৎসব শেষে নগেন্দ্র-বালিকা





#### শ্বশানবালা।



কিম্বা উপনীতা আজি ভাসি অশ্রুনীরে!

সেই সকরুণ-দৃষ্টি,—সজল-লোচন—

নিরাশ-বদন-প্রভা,—কালিমা-জড়িত,

হেরি বিগলিত নাহি হয় কার মন ?—
প্রত্যেক হৃদয়-তন্ত্রী না হয় স্পন্দিত ?

"কোথা যাও দিনমণি!—চাও একবার!"
সহসা করুণকণ্ঠ ধ্বনিল বামার।

আবার আয়ত আঁথি হইল সজল,
ঝরিল আবার অশ্রু ঝর ঝর করি!
সান্ধ্য-সৌরকর-রাশি প্রতি অশ্রুজল
রঞ্জিল বিবিধ বর্ণে!—নিসর্গ স্থন্দরী
গাঁথিল রতন হার জাহ্নবীর নীরে!
কাঁপিল ক্ষাণাঙ্গী বালা ঘুরিল নয়ন;
পড়িল মুচ্ছিত হ'য়ে সে বিজন তীরে—
বায়ু বিদলিত স্থান্ত্রতী মতন!
বিচ্ছেদ-ভুজঙ্গদত্তে ক্ষত বক্ষঃস্থল!
ধূলায় লুটায় হায় স্থ্বর্ণ কমল!

কতক্ষণ পরে বালা পাইয়ে চেতন
দেখিলা নয়ন মেলি,—দেব দিবাকর
হয়েছেন অস্তমিত!—মরম-বেদন,
করুণবচনে তার করি হতাদর।







প্রকৃতির কক্ষে কক্ষে ছড়াইয়ে মসী
হইয়াছে উপনীত তমসা রজনী।
জ্বলিছে নক্ষত্রপুঞ্জ নভোরাজ্যে বসি,
বহিছে নিকটে ধীরে কল কল্লোলিনী!
নৈশ অন্ধকার কক্ষ করিয়ে বিদার
জ্বলিছে জ্বলন্তচিতা আলেয়া আকার।
(৬)

আবার সে কলকণ্ঠ হইল ধ্বনিত!
কহিলা—' হেরমা গঙ্গে ত্রিলোক-তারিণি!—
অভাগী বালায়!—হও ক্ষণেক স্থগিত।
কহিব তোমার কাছে হুঃখের কাহিনী!
শুন মাতঃ মন দিয়ে! নাহি কিছু আর
অভাগীর অভিলাব!—অভিলাষ যত
কালের কবল গত!—স্বধু দেহভার
বহিছে হুখিনী আজি হ'য়ে মর্ম্মাহত!
দেখিছ সম্মুখে চিতা জ্বলিতেছে এক,
স্থাদি-রক্ষে-রক্ষে হেন জ্বলিছে শতেক!

"ছিলাম বালিকা যবে, আত্ম-পর-জ্ঞান ছিল না কিছুই হায়!—এমন সময় স্নেহময়ী মাতা মম হ'ল অন্তর্দ্ধান; হাহাকারে পরিপূর্ণ হইল নিলয়! পিতার সজল আঁথি—আরক্ত উরস







দেখিনু স্বচক্ষে—আজো জাগিছে অন্তরে!
সংসারের বিষ-বহ্নি এ হৃদি পরশ
করেনি তখনো হায়!—হৃদি স্তরে স্তরে
দংশিল যে কাল কীট নারিনু বুঝিতে!
জাগিছে আজিকে তাহা গ্রন্থিতে গ্রন্থিতে!
(৮)

"তারপর জনকের আদরের ধন,

একমাত্র কন্যা তাঁর আমি অভাগিনী।

দরিদ্র কুটীরে যথা ছর্লভ রতন।—

ছিলাম তাঁহার সদা আনন্দ-দায়িনী।

জানিনা কি কর্ম-সূত্র,—বিধাতা-ঘটন;—
রহিয়াছি এক দিন দাঁড়ায়ে ছয়ারে;

(ত্রয়োদশ উপনীত—উন্মুখ-যৌবন।)

দেখিমু সম্মুখে এক নবীন মুবারে!

কাঁপিল হৃদয়-তন্ত্রী!—ভুলিমু আপনা!

পশিল মরমতলে সংসার-লাঞ্ছনা!"

(১)

বলিতে বলিতে পুনঃ ভিজিল নয়ন!
উন্নত উরজকলি কাঁপিল আবার!
আবার হইল নেত্রে ধারা নিস্রবণ!
অবরুদ্ধ বাক্-যন্ত্র শ্রুশান-বালার!
কাঁপিল অবশ দেহ! বেত্স-লতিকা
কাঁপে যথা নৈশ বাতে থর থর করি!—







তেমতি জাহ্নবী-তীরে অনাথা বালিকা,
অতীতের স্থ্য-স্বপ্ন—স্থ্য-চিত্র স্মরি!
উচ্ছ্বিতি হাদিবেগ দমি কতক্ষণে
নিবিষ্ট হইলা পুনঃ করুণ কথনে!
(১০)

"পতিত-পাবনি গঙ্গে কর অবধান। 
অধিক বিস্তারে আর নাই প্রয়োজন! 
অভাগীর ছঃখ-কথা সমুদ্র সমান, 
বলিলে সহস্র যুগ হবে না পূরণ! 
সেই প্রাণাধিক জনে কিছুদিন পরে 
করেছিল অভাগিনী আত্ম-সমর্পণ। 
তুষেছিলা হৃদয়েশ অতি সমাদরে, 
ছুখিনী বালায় হুদে করিয়ে ধারণ! 
বোবনের নবোচছ্বাস!—প্রণয়ের বেগ!—

—ধরিত না ধরা সেই প্রবল আবেগ!
(১১)

"প্রাণেশের কঠে সদা কণ্ঠহার প্রায়
ছিলাম তুলিয়ে!—যথা মাধবী-লতিকা
থাকে তুলি সহকার তরুর গলায়!—
না ভাবি সম্মুখ ঝঞ্চা!—ভীম বিভীষিকা।
কে জানে সমুদ্র-গর্ত্তে অমিয়ের পর
উঠিবেক হলাহল ?—জ্বলন্ত অনল ?
কে জানে সহসা বুকে পড়িবে বজর ?







ছিঁড়িবেক মরমের স্থবর্ণ শৃঙ্খল ? ভাঙ্গিয়াছে আজি মোর স্থথের স্থপন ! করিয়াছে হৃদে কাল-ভুজঙ্গ দংশন ! (১২)

"হৃদয়েশ-দেহ বক্ষে করিয়ে ধারণ জ্বলিছে শাশান অই—দেথ সুবদনে!
মুমূর্ধ্-শয্যায় নাথ করিয়ে শয়ন
অভাগীর করে ধরি সজল লোচনে
ব'লে ছিলা সকরুণে—'এ জনম তরে
যাই তবে প্রিয়তমে!—দাওলো বিদায়!
কেন ও নয়নে আর অঞ্চধারা ঝরে ?—
জগদীশ! রক্ষা ক'র অনাথা বালায়!'
বলিতে বলিতে আঁথি হ'ল নিমীলিত!
হারা'লা জীবিতনাথ জীবন সন্থিত!

" সাক্ষী থেক ভাগিরথি !—অগতি-শরণা !
স্বামীর জ্বলন্ত-চিতা-অনলে এখন
পশিবে বিধবা বালা !—অনন্ত যাতনা
কালের করাল অল্কে দিয়ে বিসর্জ্জন !
ত্রিসংসারে অভাগীর নাই স্থান আর
অই চিতানল বিনা !—যাইমা এখন !
শেষ ভিক্ষা রাখিও মা অভাগী বালার ;—
পৃত নীরে চিতা-ভন্ম কর প্রক্ষালন !"







বলিয়ে উদ্দেশে বন্দি স্বামীর চরণ, জ্বলন্ত অনলে সতী হইলা পতন!

# যমুনা তটে।

প্রদোষ বিচিত্র চিত্র নভঃচিত্র পটে হেরিতে একান্তে বদি যমুনার তটে. ভারতের ভাগ্য-পট হইল স্মরণ। বালসিল যমুনার জীবন-দর্পণ! জল-কণা-বাহী শীত সান্ধ্য-সমীরণ कतिल मर्काएक (यन ऋ लिक्र निक्रन! উদিল ললাট প্রান্তে ঘর্মাবন্দুমালা, শুধাইকু যমুনায় — " বল গিরিবালা! কেন হেন বেশ ?—বল যমুনা স্থন্দরি; কিহেতু তুলিছ অই মৃত্রল লহরী ? ব্রজের বিপিনে – তব সাধের পুলিনে, বাজেকি শ্যামের বাঁশী এবে নিশিদিনে, 'ব্ৰজবিলাদিনী রাধা' বলি উচ্চঃশ্বাদে ? আদে কি গোপিনী তথা নটবর পাশে গ-সুখের সে রুকাবন অরণ্য এখন! তবে কেন অনর্থক করিছ নর্ত্তন ? গাণ্ডীব কোদও ধ্বনি, – দেবদত্তরব, –







পাঞ্জন্য মহামন্দ্ৰ,—শুন কি সে সব ? শুন কি ভীমের সেই মুদ্গার-নিম্বন ? হের কি দে ভীমমূর্ত্তি জ্বলন ং কিছই না!—সব এবে কাল কৃক্ষিগত। স্থমতা তবে তুমি কেন অবিরত ? ভারতের শেষ সূর্য্য, — বীরেন্দ্র-শেখর,— আর্য্যকুল-ধুরন্ধর—পৃথী নরবর !— দেখিতে কি পাও তাঁরে ? – করকি দর্শন বীরেন্দ্র সমরসিংহ মূরতি-ভীষণ ? ভারত-কবিতা-কুঞ্জে স্থকণ্ঠ গায়ক,— ভারতের রচয়িতা, – বেদ বিভাজক— ধীরবুদ্ধি দৈপায়নে করকি দর্শন ? অন্যথা কিহেতু তব বিফল নর্ত্তন ? কিম্বা কি দেখিছ এবে অন্য অভিনয় ভারতের রঙ্গাগারে ? — যবন-উদয় ? শাঞ্-বিমণ্ডিত শির মৃণ্ডিত বদন, শ্বেত আতপত্র তলে রাজে কি এখন ? মোগল পাঠান দৃশ্য!—বীভংস চিংকার— এখন' কি কর্ণরন্ধে প্রবেশে তোমার?

কিছু নয় !—তাহা এবে বাল্যক্রীড়নক ! কিহেতু ভোমার তবে এহেন পুলক ? তাই বলি কায় নাই লহরী খেলায়; এ সব এখন আর শোভা নাহি পায়!







কালের কলস্করেখা করিতে মোচন, এ মিনতি,—কর দেবি! আত্ম-সংগোপন!

### বজাঘাত।

(5)

নীলিম অম্বর তলে,

স্বভাবের স্নিগ্ধ কোলে,

অমল আননে রাজে কুমুদ-রঞ্জন!

প্রকৃতি পরেছে নব কুস্থম-ভূষণ!

প্রেমামোদে ঢুলি ঢুলি,

কুস্থম-কলিকা গুলি
নাচায়ে নাচায়ে ছুটে নিশীথ পবন,—
নধর অধর করি আদরে চুম্বন!

(२)

ধরণী নিমগ্ন ধ্যানে ;—
পাখীর কাকলী-গানে
নাহি আর শ্রুতিরন্ধ করে বিমোহিত!
নিদ্রোগত জীবকুল,—বিহীন সন্থিত!
প্রশান্তা প্রকৃতিবালা,
দৈনিক আতপ জ্বালা
প্রশমিতে নৈশ বাতে ঢালিছে শরীর,
শীতল করিছে অঙ্গ স্থুশীত সমীর!







(0)

নিশীথ নিস্তব্ধ ধরা,
জীব কুল প্রান্তি হরা !
(একটী প্রাসাদে মাত্র জাগিছে এখন,
ভারতের বিধি, বিষ্ণু, বাসব, পবন !
হ'তেছে মন্ত্রণা স্থির,
আজি সেই অভাগীর
অদৃষ্টের চিত্র-পট করিতে কর্ত্ত্রন !
—করিতে অভাগীশিরে বজ্র নিক্ষেপণ !)

(8)

বিদারিয়ে নৈশ কক্ষ,
ভারতের শির লক্ষ্য
করিয়ে—ধাঁধিয়ে বিশ্ব !—অই অকস্মাৎ
তাড়িত-প্রমুথ বজ্র হইল নিপাত !
আসমুদ্র ধরাধর,
কাঁপিলেক থর থর !
কাঁপিল অনন্ত নভঃ !—কাঁপিল হৃদয় !
অজ্ঞাতে ধরণী-পৃষ্ঠ করিত্ব আশ্রয় !

(৫)

পশিল ক্ষণেক পরে
গগন বিদীর্ণ ক'রে
করুণ কামিনী-কণ্ঠ ধূনিত চীৎকার—
শ্রুবণ-পটহে—হুদি মথি অভাগার!







বুঝিনু দে কণ্ঠ ঘোষে,
ভারত অদৃষ্ট দোষে,
হইয়াছে বিধাতার কুদৃষ্টি নিপাত!
অভাগীর ভাগো তাই এই বজ্রাঘাত।

(v)

কল্পনার কুঞ্জবনে,
দেব-তত্ত্ব আলোচনে,
যেখানে ভাবনা-মগ্ন ভারত-কুমার
হৃদয়ের কক্ষে কক্ষে খুলি প্রতিদ্বার!
মরম যাতনা শ্বাস
ফেলি,—মিটাইছে আশ !—
সহসা পশিল তথা অশনি-নিহন!
হেরিল সম্মুখে ভীম অনল ক্রীড়ন!

(9)

শুনি সেই ভীম মন্ত্র,
শিহরিল শ্রুতিরস্কু !—
ভাঙ্গিল চিন্তার তন্ত্রা—( স্থথের স্বপন ! )
স্তম্ভিত !—বিশুক্ষ-কণ্ঠ ভারত-নন্দন !
নয়ন পলক-হীন,
নাসায় নিশ্বাস লীন,
শোণিতের গতি ক্রদ্ধ শিরায় শিরায় ;
অবাক যুবক !—চিত্র পুত্রলিকা প্রায় !





(0)

মজি ছার মোহ মন্ত্রে,
হদয়ের তন্ত্রে তন্ত্রে
অঙ্গুলি ক্ষেপিতেছিল অভাগা যুবক ;—
আশা ছিল গাবে গীত,— পাইবে পুলক!
প্রস্তুত হ'তে না হ'তে,
অকস্মাৎ কর্ণপথে
পশিল অশনি-নাদ!—কাঁপিল হৃদয়!
ছিঁড়িল বীণার তার— মানিল বিশ্বয়!

হং সপুচ্ছ ধরি করে,
বৈহ্যতিক বেগ ভরে
মসী-যুদ্ধ-রত যুবা,—নাহিক বিশ্রাম ;
পড়িতেছে পদ-প্রান্তে মস্তকের ঘাম !
ভাবিতেছে মনে মনে,
আজি এ ভীষণ রণে,
ভারত-উদ্ধার-কার্য্য করিবে সাধন !
সহসা পশিল কর্ণে অশনি নিম্বন !

(50)

স্তম্ভিত হইল কর,
শিহরিল কলেবর,
খরশাণ হংসপুচ্ছ বিমুখ সমরে;
যুবক-নয়নে অশ্রুত ঝর ঝর ঝরে!—







(একটী গবাক্ষ-পথে, কন্টে স্থান্টে কোন মতে নিশ্বাস ফেলিতে মাত্র ছিল অধিকার; বিধির বিধানে আজি রুদ্ধ সেই দ্বার!)

(55)

ওঠ মাতঃ আর্য্যভূমি !

কেন লোটাইছ তুমি ?—

কি হেতু করিছ মিছে করুণ রোদন ?

কে শুনিবে মা তোমার হৃদয় বেদন ?—

কেন ভাস অশুনীরে ?

শত বজ্রাঘাত শিরে

সহিতেছ দিবা নিশি;—তবে কেন আর সামান্য বেদনে আজি এ দশা তোমার ?

(52)

মা তোর বিধাতা যিনি,
তোরে মা বিমুখ তিনি!
দয়ার সাগর নতু' ধীমান লিটন,
কেন করিবেন এই বজ্র নিক্ষেপণ ?
কবির কুস্থম হিয়া,
কঠিন পাষাণ দিয়া
কেন আজি দূঢ়বদ্ধ ?—বল কি কারণ
বঙ্গের কুগ্রহ-ক্ষেত্রে দ্বাদশ তপন ?







(১৩)

এ ছঃখ কারে মা কব !—
কোলের সন্তান তব
বঙ্গের উজ্জ্জল রবি,—গুণের সাগর,—
তিনিও দিলেন যুক্তি— হানিতে বজর !
মা তোর মরণ নাই,—
আমাদের নাই ঠাই
কালিতে কলঙ্ক-রেথা !—করিতে শয়ন
জীবনের শেষ ব্রত করি উদ্যাপন !
(১৪)

অয়ি মা জনমভূমি !
চির অনাথিনী তুমি !
অশক্তির প্রতি শক্তি করিতে নিক্ষেপ
হয়েছে সংসার-রীতি,—রুথা মা আক্ষেপ !
নতুবা মুমূর্যু জনে
ভীম বজ্র নিক্ষেপণে—
ভাঙ্গিতে মস্তক,—কেবা হয় অগ্রসর ?
(সভ্যতার উচ্চাদর্শ।—চিত্র ভয়ঙ্কর ! )

পাইয়ে মরমব্যথা,
তোমার ছঃখের কথা,
তোমার বিধাতা কাছে করিতে জ্ঞাপন,
কেবল করিতেছিল জিহ্বা কণ্ড য়ন—

(50)







তোমার কুমারগণে!
লেখনীর সঞ্চালনে
ভেবেছিল মাতৃত্বঃখ করিবে খণ্ডন;
বিধি বাদী! রুদ্ধ তারা;—অদৃষ্ট-লিখন!
(১৬)

অয়ি আর্য্যা আর্য্যভূমি !
ছঃখের সাগরে তুমি
ঢালিয়াছ জরা জীর্ণ শীর্ণ কলেবর ;
রটীশ করুণা মাত্রে করিয়ে নির্ভর !
মর্ম্মব্যথা কারে কব ?—
যারা আশাস্থল তব ;
হা অদৃষ্ট !—তাহারাই আজি অকস্মাত,
করিল তোমার শিরে এই বজাঘাত ।

#### ----

### वन-वाला।

(5)

এস বঙ্গ-গৃহ-লক্ষিম !—ফুল্লেন্দু-বদনা ! নিসর্গ-পুক্ষর-জাত হৈম মৃণালিনি ! কজ্জল-চর্চ্চিত-চারু-বিলোল-লোচনা ! বঙ্গ-হৃদি-পিঞ্জরের স্বর্ণ-বিহঙ্গিনি। (২)

বাঙ্গালি-মানস-রত্ন !—হৃদয়-সম্বল ! এস এক বার অই—আনন তোমার







মুছাই ;—অনন্ত বিশ্ব,—স্থরাস্থর দল হেরুক অনিন্য মুথ বঙ্গ প্রতিমার ! (৩)

মুচকি মুচকি হাসি—,অপাঙ্গ সীমায়
ক্ষেপিছ কটাক্ষ অই;—ক্ষেপ আর বার!
উঠুক জগত মাতি হাসির ছটায়,—
কাঞ্চন-কুস্তমে হ'ক বিচ্যুৎ-সঞ্চার!

(8)

হেলাও বঙ্কিম বেণী—ভুজগনিন্দিত !—
বাঙ্গালির গল-ফাঁশ !—হেলাও আবার !
হেরুক ত্রিলোকবাসী—হ'ক উন্মাদিত।
লুটুক চরণপ্রান্তে পড়িয়ে তোমার !

(4)

কেন ভূমি-তলে অই লুটাও অঞ্চল ? উঠাও উঠাও দেবি ! উঠাও উহায় ! অইমাত্র বাঙ্গালির জীবন সম্বল ; যাতনা নিঃস্থত অঞ্চ মার্জন উপায় ! (৬)

বীণার স্থতার তার ললিত বাস্কার জিনি কম্মুকণ্ঠ ধনি ৷ কর কণ্ডুয়ন ! ভাস্থক অনন্তনভঃ !— ত্রিদিবের দ্বার অমিয় বচন স্পার্শে হ'ক বিমোচন !







(9)

অলক্ত রঞ্জিত মল ভূষিত চরণ,
ধীরে ধীরে অইথানে ফেল একবার।
বাঙ্গালির আদরের—যতনের ধন;—
ত্রিদশ সোভাগ্য যথা সতত সঞ্চার!
(৮)

দোলাও মৌক্তিকহার,—কর্ণ আভরণ!
তা'দনে অধরপ্রান্তে হাদ একবার!
ঝক্ষারি মৃণাল-বাহু,—করহ শিঞ্জন
স্থবর্ণ বলয়, চূড়,— অমিয় আধার!
(১)

কিম্বা ধনি !—চিতা-শয্যা কর আয়োজন !— ছেদিয়ে স্থদীর্ঘ কেশ স্থালাও অনল ! করহ ইঙ্গিত তাহে হউক পতন,— অদুষ্ট নির্মিত—ক্লিফ্ট বঙ্গবাদীদল !

## যোগীবর।

(5)

দ্বিতীয় প্রহর নিশি,—নীরব জগত ! অমল ধবল চারু চন্দ্রিকার ভাসে হাসিছে নিসর্গ-বালা।—হেম পুষ্পাশত,— অসংখ্য হীরকচূর্ণ,—কিরীটে বিভাসে—







বেষ্টি চন্দ্ৰ-রাগ-মণি—মাণিক প্রধান!
হাসিছে যামিনী-গন্ধ প্রকৃতির কোলে,
মার্জ্জিত রজত কান্তি,—স্থরভি-আধান।
ছলিতেছে কুঞ্জলতা মৃত্রল হিল্লোলে!
নীরব স্বভাব রাজ্য;—স্বধু বিল্লী দল,
চালিতেছে প্রাণপণে সঙ্গীত তরল।
(২)

প্রশান্ত সরদী নীরে গগন প্রতিভা খেলিছে ফুটায়ে শত স্থবর্গ স্তবক! (মার্জ্জিত মুকুরে ভাদে প্রকৃতির বিভা।) কৃষ্ণ আস্তরণে যথা প্রথিত হীরক! হাসিছে টিপিয়ে মুখ সরো গরবিণী,— স্বামীর সোহাগে বালা ঢল ঢল ঢলে! শ্বেত-কৌশ বস্ত্র খুলি বিধুবিনোদিনী বিকাশি বদন স্বচ্ছ স্ফার্টিক মহলে! খেলিছে কৌমুদী রঙ্গে কুমুদিনী সনে, আনত আননে শশী হাসিছে গগনে।

অনন্ত মুক্তাবিন্দু করি উদ্গীরণ নীরবে নির্বরচয় (রজত-সলিলা) বহিতেছে ঝিরি ঝিরি,—স্থক্তচি-দর্শন! মেখলা ভূষিতা যথা স্বভাব-মহিলা! রজতে মুকুতা শত করিয়ে গ্রন্থন,





কে যেন দিয়েছে স্থাখে নিসর্গ-বালায়
সাজায়ে যতনে ! —করি লোচন-লোভন !
(ফুটিছে অনন্ত জ্যোতিঃ ধবল ধারায়)
গগন-গবাক্ষ শত করি উন্মোচন,
হাসিছে মধুর হাসি দিগঙ্গনাগণ !

(8)

প্রকৃতির সেই শান্ত ঘুমন্ত মরমে
তরল কৌমুদী ঢালি—সাগর সমান!
কে যেন স্থক্তি বীচি তুলিছে যতনে
মুছুল মুছুল তালে—হয়ে সাবধান!
স্থান্তে ওড়না যেন প্রকৃতির গায়
উড়িতেছে নৈশবাতে,—স্বয়ুপ্ত হৃদয়ে;
হেলিয়ে ছলিয়ে ধীরে বিচিত্র লীলায়!
শান্তির কেতন কিম্বা নিসর্গ-নিলয়ে,—
মার্জ্জিত রজত রুচি করিয়ে বিকাশ,
নীরবে থেলিছে ল'য়ে নিশীথ বাতাস।

( 0 )

স্বভাবের শান্তিময়ী শীতল শ্য্যায়
শারিত অভাগা—স্বীয় পল্লব-কুটীরে;
মায়াময়ী বিভীষিকা ল'য়ে ছুরাশায়,
কতই অদ্ভুত কাণ্ড হৃদয়-মন্দিরে
করিছে স্থপনযোগে!—বিচিত্র ঘটন!







কভু রাজ্য লাভ, কভু ভিক্ষায় বঞ্চিত, কভু স্থথ অঙ্কে, কভু সংশয় জীবন ; উল্লাস, হতাশ হৃদে ক্রমে অভিনীত হতেছে বিবিধ রূপে দিয়ে দরশন ; সহসা কে যেন মোরে জাগা'লে তথন।

দৈব আকর্ষণে যেন,—জানিনা তথন
কিহেতু কানন-মুথে ছুটিনু প্রায়!
চল্রিকা-প্রদীপ্ত পথ,—শ্বাপদ-চারণ!—
অনায়াসে অতিক্রমি বিদ্যুতের প্রায়!
অদূরে অস্ফুট জ্যোতিঃ ভাসিল নয়নে;
ধায়িনু সে দিকে প্রা,—এড়াইয়ে কত
অদ্ভুত মূরতি হেরি হইনু বিস্মিত!
জঞ্জাল জড়িত পথ!—( তৃণ গুলা, বনে—ললিত লতিকা অঙ্গ ছিঁড়ি শত শত!)
ক্রমে সে আলোক স্থলে হ'য়ে উপনীত
অদ্ভুত মূরতি হেরি হইনু বিস্মিত!

স্থীর তাপস এক,—মুদ্রিত নয়ন ; প্রতপ্ত-কাঞ্চন-প্রভ,—শ্রশ্রু বিলম্বিত। ধটিবদ্ধ-স্থূলকটি ;—বিভূতি ভূষণ ; নিবেট ললাট ভন্ম-ত্রিপুণ্ডু ভূষিত! জটা বিনির্মিতোফীষ!—আশ্চর্য্য দর্শন।







লম্বিত রুদ্রাক্ষ হারে বক্ষঃ আচ্ছাদিত: করতলে অক্ষ-মালা---নরাস্থি-রচন। পবিত্র তাপস-তেজে বন উদ্থাসিত। অদূর স্থভিলে জ্বলে প্রচণ্ড জ্বলন. দক্ষিণে ত্রিশূল এক ভীম-দর্শন।

(b)

কেন যোগীবর এই বিশাল বিজনে স্থগভীর ধ্যান-মগ্ন ্—কিবা প্রয়োজন সাধিতে মনন তাঁর—বলিব কেমনে ?-সহজ বুদ্ধির বোধ্য নহে কদাচন ধীমানের কার্য্যাবলি। – স্বর্গীয় স্বভাব। টলিল হৃদয়,মন: গল লগুবাসে প্রণমিনু যোগীবরে! হেরি ভক্তিভাব, করিল। ইঙ্গিত যোগী বদিবারে পাশে— ঈষৎ মেলিয়ে নেত্র অপাঙ্গ-ভঙ্গিতে: আবার মুদিলা অক্ষি সাধ্য সমাধিতে! (2)

তাপদ-অনুজ্ঞা লভি নিকটে তাঁহার নির্বাক পুতুল প্রায় রহিলাম বিদ ; অদূর শ্বাপদকণ্ঠ-ভৈরব-চিৎকার পশিল শ্রবণে: - উর্দ্ধে হাদিলেক শশী। তরঙ্গে তরঙ্গমালা দিয়ে দরশন,







মানস-অন্থুধিবেলা লাগিল প্লাবিতে,
নানা দিক হ'তে আসি ভাবনা-পবন
বহি উচ্ছুখল ভাবে!—হৃদি বিদলিতে!
কতক্ষণ পরে যোগী মেলিয়ে নয়ন
আশ্বাসি কহিলা মোরে—"ভাস্ত কি কারণ ?"

(>)

এখন' সে ধ্বনি মোর বাজিছে প্রবণে জলদ-গন্তীর-ঘোষে!—" কর দরশন বিশাল জগৎ বৎস! সময় প্লাবনে বিলয় হ'তেছে ক্রমে বিধি নির্বন্ধন। ছুরাশার মোহ-মন্ত্রে মানব-মানস সতত উদ্ভান্ত,—দেখে জাগ্রতে স্বপন। যড়শক্রজিত চিত! নহে নিজবশ; নিয়ত নিয়তি-চক্রে করিছে ভ্রমণ! ভ্রান্তির মায়ায় জীব বর্দ্ধ করে করে!—" বলিয়ে নীরব যোগী ক্ষণেকের তরে।

(>>)

কিছু পরে পুনর্বার গম্ভীর বদনে,
নিক্ষাশি আলেথ্য এক কহিলা তাপস,
"ভারত অতীত চিত্র নিরথ নয়নে,
কোথা না ক'রেছে কাল-কলঙ্ক-পরশ ?







অই যে দাগরতীরে বাঁকায়ে কাম্মুক
অসংখ্য কর্ব্র বধি বিজয়-গোরবে
বৈদেহী-বল্লভ বীর—প্রফুল্লিত-মুখ!
মিশেছে সে শ্রাম-তন্ম কালের আহবে।
ভারত-গোরব-সূর্য্য!—সূর্য্যবংশধর,
চির অস্ত গুহাগত ত্যজি কলেবর!
(১২)

" শর-শয্যা পরে অই শান্তনু-নন্দন !
নিকটে নিক্ষেপি তীর—আর্য্য বীরবর
ভোগবতী নীরে যেই তৃপ্তির সাধন
করিতেছে গাঙ্গেরের,—সেই ধনুর্দ্ধর
কালের কবল গত !—পৃথী মহারাজ
বীরেন্দ্র সমরসিংহ সহায় যাঁহার,—
বলিতে বিদরে হিয়া !—কোথা তিনি আ'জ ?
ভূবেছে জীবন-তরী কাল-স্রোতে তাঁর ।
ভেঙ্গেছে যবন-ভাগ্য ক্লাইবের করে,
ভূবন বিদিত অই পলাশি-সমরে।

"বাজাইয়ে হৈম বীণা রদ্ধ ঋষিবর
অই যে বাল্মীকি বিদ স্বীয় তপোবনে,
মোহিত করিছে নর, অমর, কিন্নর;—
ভাদা'য়ে নিয়েছে তাঁরে কালের প্লাবনে!
অই যে বদিয়ে ধীর ঋষি দ্বৈপায়ন





( প্রদীপ্ত ত্রিদিব-দার যশতেজে যাঁর !)
ভারতে ভারত যাঁর অমূল্য রতন !
তিনিও গেছেন করি ভারত আঁধার !
নাহি এ কবিতা-কুঞ্জে কবি কালিদাস ;
চারি দিকে দেখ বৎস। কালিমা বিকাশ !''
(১৪)

বলি দীর্ঘ শ্বাস ছাড়ি নীরব তাপস!
সহসা হইল ভীম অশনি নিনাদ,
উদিল গগন-পটে জলদ তামস!
চকিত হইল চিত গণি পরমাদ।
স্বভাবের বিপর্য্য়,—যোগীর বচন,—
কালের বিচিত্র জীড়া—ভাসিল হৃদয়ে!
বিস্ময়ের বিভীষিকা দিল দরশন
ধরিয়ে ভীষণ মূর্ত্তি মানস-নিলয়ে!
অকস্মাৎ যোগীবর হ'ল অদর্শন!
পশিল শ্রবণে—" পাস্থ! ভান্ত কি কারণ?"

#### সাগর সঙ্গমে।

(2)

যাও ভাগীরথি! সাগর বাসরে, প্রার্ট প্লাবনে ;— প্রফুল্ল অন্তরে। কল কল কল—কল-কণ্ঠস্বরে





যাও কল্লোলিনি! প্রাণেশ পাশে!
নব বারি লভি নবীন আমোদে
হেলিয়ে ত্নলিয়ে,—প্রীতির প্রমোদে,
যাও হিমন্ততে! মাতি নব মদে,
উচ্ছ্বদি উচ্ছ্বদি তরল শ্বাদে।
(২)

গরবে মাভিয়ে বাহু পদারিয়ে
আদিছে বারিধি নাচিয়ে নাচিয়ে,
আইলো জাহ্নবি! তোমার লাগিয়ে,
হৃদয় পাতিয়ে,—মনের স্থথে!
তরক্ষে তরঙ্গ করিয়ে ক্ষেপণ
করিছে জলধি আনন্দ-নিস্বন,
যাও ভাগীরথি! দাও আলিঙ্গন,
চলিয়ে পড়গে প্রাণেশবুকে!

যাও শতমুথি ! শত-প্রেম ধারে,
তোষ গিয়ে ত্বরা প্রিয় পারাবারে,
বাজুক হুন্দুভি অমরার দারে
" সাগর-সঙ্গতা জাহ্নবী " বলি।
কল—কল কণ্ঠ করি বিধৃনিত,
গাও শতমুথে প্রণয় সঙ্গীত,
ভারত জুড়িয়ে হ'ক বিঘোষিত,

"সতী-গীতি-মালা!"—যাওলো চলি।







(8)

সহোদরা তব নবীনা রঙ্গিনী,
প্রয়াগের ঘাটে হয়েছে সঙ্গিনী;
তার সনে মিলি যাও গরবিণি,
নাচিয়ে খেলিয়ে আনন্দ ভরে!
যাওলো যমুনে! স্থরধুনী সনে
প্রফুল্ল অন্তরে,—সাগর মিলনে।
প্রুক ত্রিদিব আনন্দ-নিক্কণে!
যাও ছুই বোনে,—গলায় ধরি।

( a )

হিমাদ্রি হইতে হয়ে প্রবাহিত,
যাও শৈবলিনি !— হর্ষিত চিতৃ !
ভারত-উর্ব্ব করি প্রক্ষালিত
বহু পূত ধারা ;—পতিত তারা ।
পাপ-তাপ পূর্ণ ভারত হৃদয় !
(অনস্ত নরক কুণ্ডের নিলয়!)

বহ দয়াবতি, হইয়ে সদয় ত্রিলোক-তারিণী পবিত্র-ধারা !

(७)

শ্মশানীর জটা জুট বিহারিণি! অনন্ত শ্মশান প্রকালিয়ে ধনি! যাও ত্বরা করি;—সাগর-সঙ্গিনি।







বাদর নিলয়ে রজত ধারে!
যাও গরবিনি! গরবে মাতিয়া—
" দাগর-দঙ্গমে!" নাচিয়া নাচিয়া!
দাজাও নাথের স্থবিশাল হিয়া,
রজত-গ্রন্থিত মুকুতা হারে!

# ভেরী।\*

(3)

বাজরে সজোরে ভেরি! বাজ একবার,
পূরি আর্য্যাবর্ত্ত—পূরি আর্য্যদেশ,—
অনন্ত আকাশ, বিস্তৃত জলেশ,—
পূরিয়ে উঠুক সে ভীম স্বনন;
জাগুগ নিদ্রিত ভারত নন্দন,
কাঁপুক বহুধা ভীষণ রবে!
(২)

গভীর গরজে ভেরি ৷ গরজ আবার ; আবার আবার—বাজ বারবার,

<sup>\*</sup> যেদিন আর্যাকুলধুরদার বীরর্ধত শিবজী সামান্য সৈন্যবল সহায়ে
অজুত চক্রান্ত অবলম্বন পূর্বাক "তোরণ ছুগ" বিজয় করেন, হীন বীর্য্য সায়েন্তা থাঁ, ছুদ্ধর্ম মহারাষ্ট্র বিক্রমে ছিল্লাসুল হইয়া ভীতিবিহ্বল-চিত্তে ছুর্গ পরিত্যাগ পূর্বাক পলায়ন করে;—সেইদিন,—সেই নিশীণ সময়ে অনন্ত দীপালোকিত বিজয়োৎজুল-বদন মহারাষ্ট্র কুল-পতির সিংহাসন সম্মুথে একজন যুবক এই কবিতাটী উপহার প্রদান পূর্বাক বিপুল সম্মান লাভ করিয়াছিলেন।



হিমাদ্রির হিয়া হউক বিদার,
শত বহ্নিশিথা করুক বিস্তার
সে বিশাল পথে,—শত উষ্ণধার
বা'ক শতমুখী উচ্চ বীচিরবে!

(0)

আর্য্য-মহার্ণব-হৃদে—বঙ্গের অথাতে জ্বলুক বড়বা সহস্র শিথায় শৈলেক্র প্রমাণ!—গণ্ড শৈল প্রায় ভীম উর্শ্মিমালা ছুটুক তাহায় উগারি প্রপুঞ্জ ধবল ফেণায়। হেরুক—চেতুক ভারতবাসী!

(8)

বীরকণ্ঠ-বিধৃনিত ভীষণ গৰ্জ্জন, উঠুক ভারত হৃদয় পূরিয়ে; ঘন ঘন ভেরী হাঁক ফুকারিয়ে; অযুত কামান, সহস্র অশনি জিনিয়ে উঠুক দে ভীষণ ধ্বনি মরত, পাতাল, ত্রিদিব ত্রাসি!

( ¢ )

শত বিহ্যুতের বেগ প্রতি আর্য্য হৃদে পশুক—শোণিত উঠুক তাতিয়ে, উঠুক আবার উঠুক মাতিয়ে;







বহুদিন পরে পুনঃ খরশান ঝলুক উলঙ্গ আয়দ কুপাণ, বিগত-গৌরব আর্য্যের করে!

প্রতি আর্ঘ্য ধমনীতে উত্তপ্ত শোণিত
নাচুক সতেজ বিছ্যুত নর্তনে !
নাচুক ভারত স্ফুরিত আননে ;
হিম, সহ্য, বিন্ধ্য শিখর শোভন
নাচুক ভারত বিজয় কেতন,

হেলিয়ে ছুলিয়ে অনিল ভরে!
( ৭ )

পূর্ণ বায়ু যোগে ভেরি! ডাক পূর্ণ স্বরে;—
করুক্ষেত্র রণ সৈন্য পারাবারে
ডেকেছিলে যেই ভীষণ ফুৎকারে—
দেব দত্ত মুখে—গাণ্ডীবী অধরে,—
মাতাইয়ে আর্য্য সৈনিক নিকরে
সম্মুখ সমরে জীবন দানে!

(b)

ভাক সেই স্বরে !—সেই ভীষণ গর্জনে !

অযুত সেনানী করিয়ে নিধন,
গাঙ্গেয়ের শশ্ব হইত নিস্বন
যে ভীম নিকণে !—অথবা যেমন
রাঘবের ভেরী ক'রেছে গর্জন,

অসংখ্য কর্ববুর বিনাশি প্রাণে !







(5)

শুনি আহী তুণ্ডিকের ডমরুর ধ্বনি, স্থ্যুপ্ত ভুজগ হইয়ে সফণ করয়ে যেমন ভীষণ গর্জ্জন লোলা'য়ে দ্বিখণ্ড রসনা তাহার ; তেমতি যতেক ভারত কুমার জাগুক—চেতুক তোমার রবে।

( >0 )

ভীম বীর্য্যে-স্থুপ্ত-সিংহ উঠুক গর্জ্জিয়ে !—

\* \* \* \*

\* \* \*

\* \* \*

\* \* \*

\* \* \*

\* \* \*

\* \* \*

\* \* \*

( >> )

মুমূর্ছ ভারতে ঘন প্রেমের বাঁশরী
বাজায়ে নাচায়ে ললিত ললনা
কায নাই আর, বেজনা বেজনা,
বহু বাজিয়াছ;—কায নাই আর;
কায নাই গেয়ে বিরহ বিকার,
মজা'য়ে বিধুরা ব্রজের বালা।







(>2)

মঞ্জ নিকুঞ্জবনে কাষ নাই আর
প্রেমের প্রতিমা রাধার চরণে
রাখিয়ে মাধবে,—স্থুদীন-নয়নে
প্রেমের যাচ্ঞা যাচা'তে তেমন।
কাষ নাই গেয়ে নিধু, মধুবন,
প্রেমের পশরা,—প্রণয় ডালা।

(50)

বাজাইয়ে পিক-কণ্ঠ কাষ নাই আর
স্থতার পঞ্চমে, — ললিত নিরুণে
কাষ নাই আর, — \*
ভ্রমর গুঞ্জনে নূপুর শিঞ্জনে—

\* \* প্রণয়-সাগর উথলি' দিতে।

( \$8 )

\* \* \* মধুময়ী বীণা,
ভারত হৃদয়ে যে তান বাজায়ে
গিয়েছে ভারত হৃদয় মজায়ে,
বনিতা-বিনোদ সে প্রেম প্রমোদ—
সঙ্গীতে আর না উপজে আমোদ;
আর না সে ভাব নিবদে চিতে।







(30)

এবে—

সঘনে মলার, মেঘ, বাজুক দীপক!
হাদয় দীপক হ'ক উদ্দীপক,
ঝালুক রূপাণ—বরষা ফলক
ভাস্কর কিরণে, চন্দ্রের প্রভায়,
বিদ্যুতের তেজ;—বিদ্যুৎ আভায়
ভারত-বাসীর শিথিল করে!!
(১৬)

গভীর নিনাদে ভেরি জাগাও ভারত।
কত কাল আর রবে অচেতন ?
জাগুক ভারত—ভারত নন্দন!
ঘুষুক ভারতে 'ভারত-বিজয়!!'
সময়ের ভেরী ভারতের জয়
গা'ক্ শতমুখে!—ভীষণ স্বরে!!



### কেন অশ্ৰুপাত!

(5)

কে বুঝিবে মরমের বৃশ্চিক-দংশন ?
সংসার ?—ডুবুক জলে !ুঁহুদির নিভৃত স্থলে
সদা হুহু করি যেই বিকট জ্বলন
জ্বিতেছে দিবারাতি,—কে করে দর্শন ?







আভগ্ন হৃদয়-কক্ষে ভীম বজ্রাঘাত কে বুঝিবে ?—কে বুঝিবে কেন অশ্রুপাত ?

(২)

মোহান্ধ জগত—বিষ-পরিখা-বেষ্টিত!
পরের সর্বস্থনাশি, আত্ম স্থখ অভিলাষী!—
ফদির নিরুদ্ধ দার করি উদ্যাটন
কে দেখাবে?—কে দেখিবে ভুজঙ্গ নর্ত্তন?
কে দেখিবে হৃদয়ের বিষম আঘাত?—
নিয়ত নয়ন-পথে কেন অশ্রুপাত?
(৩)

মরমের হলাহল ঢালিব কোথায় ?
কে শুনিবে তুঃখ-কথা ?—হাদির প্রতপ্ত ব্যথা
কে দেখিবে ?—কে দেখাবে শিরায় শিরায়
শোণিত প্রবাহে কেন বিচ্নাত খেলায় ?
কে করিবে পরহুঃথে কটাক্ষ সম্পাত ?
কে বুঝিবে পাপ নেত্রে কেন অপ্রুপাত ?
(৪)

ত্রিযামা স্থমুপ্তি-বহা ধনী নিকেতনে,
নির্দিয় মানব দল প্রবেশি প্রকাশি' বল—
বিপুল বিভব-লুঠি—করি আক্ষালন
যায় যবে ভত্মশেষ করিয়ে ভবন!
ভূপতিত ধনী—অঙ্গে সহস্র আঘাত!—
জিজ্ঞাস তথন তারে কেন অঞ্চপাত ?







(¢)

উপযুক্ত পুত্রগণ একে একে যথা
ছাড়িয়ে সংসারমায়া কালে লুকায়েছে কায়া
অন্ধপ্রায় জনয়িত্রী—জনক স্থবির ;
সদা হাহাকারে পূর্ণ বিবর্ণ কুটীর !
অবিরত শিরে বক্ষে করিছে আঘাত ;—
জিজ্ঞাস তথায় যেয়ে কেন অশ্রুপাত ?

(৬)

বিরহ-বিধুরা নব বিধবা রমণী
বিরলে বসিয়ে যথা ভাবিছে ভীষণ ব্যথা,
হৃদয়ের গুপু কক্ষ করি উন্মোচন !—
(জ্বলন্ত অনলে যথা ঘ্রতাক্ত ইন্ধন!)
গণিতেছে হৃদয়ের অনন্ত আঘাত )—
জিজ্ঞাস তথায় যেয়ে কেন অশ্রুপতি ?

(9)

ভীম কারাগৃহপ্রান্তে—অদৃষ্ট বন্ধন—
মহারাজ রাজেশ্বর, শৃঙ্খলিত যুগ্মকর,
বিষণ্ণ বদন-বিভা—কালিমা-জড়িত;
ছুটিছে ধরনী-পথে প্রতপ্ত শোণিত!
করিছে প্রার্থনা—হ'তে শিরে বজ্রাঘাত!
জিজ্ঞাদ – দে বন্দীনেত্রে কেন অশ্রুণাত?







(b)

স্বজন-বিচ্যুত চির নির্ব্বাসিত নর
যথা বসি সিন্ধুতটে—হৃদি খুলি অকপটে
ঢালিছে সাগরবক্ষে হুঃখের লহরী,
পিতা, মাতা, লাতা, বন্ধু, দারা, পুত্র স্মরি !
জন্মভূমি প্রিয়চিত্র—স্মৃতিঝঞ্জাবাত
প্রকম্পিত !—জান তথা কেন অশ্রুপাত ?

(5)

ভবের অতীত চিত্র করি উন্মোচন,
নির্থ মলিনবেশা,—কঙ্কালিনী রুক্ষকেশা—
ভারত মুদিত-নেত্র !—বিদি একাকিনী !
জ্বলিছে-মরমস্তরে ভীষণ অগিনি !
কম্পিত বিক্ষত বক্ষ ;—শিরে অস্ত্রাঘাত ; —
জিজ্ঞাস সে অনাথায়—কেন অশ্রুণাত ?

(>0)

হায় বিধি। ছঃখগীতি গাইব কোথায় ?
সোণার ভারত-ভূমি,—ভস্মশেষ দেখ ভূমি।
অনন্ত জগত বক্ষে ভারত কেবল
কালের কলস্কচিত্র।—পাপ দৃষ্টিস্থল।
ভারতের স্থানিশি স্থচির প্রভাত!—
কে দেখিবে—দগ্ধ হৃদি!—কেন অঞ্রুপাত ?









## আশ্চর্য্য দর্শন।

(5)

নঞ্জিয়ে রক্তিম রাগে পশ্চিম গগন,

ঢলিয়ে পড়েছে রবি লোহিত সাগরে !

কবিত-কাঞ্চন-করে মহীরুহগণ

উজল-শিরস !—যথা মাণিকের থরে

স্থবর্ণ কিরীট গাঁখা,—লোচন-লোভন !

স্থসজ্জিত প্রকৃতির অনন্ত নন্দন !

(२

খেলিছে অযুত রশ্মি গগন-প্রাঙ্গণে, লোহিত, কাঞ্চন ছটা করি বিকীরণ! বিস্থিতেছে প্রতিবিম্ব সলিল-দর্পণে। বহিছে স্থাতি মন্দ সান্ধ্য সমীরণ! ছড়া'য়ে স্থার ধারা নিসর্গ-অম্বরে, কৃজিছে কুলায়ে পাথী কল কণ্ঠস্বরে!

দিবাকর শেষ কর শেত সোধ শির
চুমিছে; — খুলিয়ে নব সোন্দর্য্য ভাণ্ডার,
দেখাইছে নব দৃশ্য চারু প্রকৃতির!
স্থাতে জলদে যথা বিজলী সঞ্চার!
উন্মেষ কুমুদ কলি মলিন কমল;
বহিছে নবীন বায়ু নব পরিমল!







(8)

হইতেছে দিবসের শেষ অভিনয়
প্রকৃতির রঙ্গালয়ে;—ধূত্র যবনিকা
(কাঞ্চন, রজত, তাত্র কারুর নিলয়)
নামিতেছে ঝর ঝরি!—মালতী-বীথিকা
প্রদোষ-কৃত্তল-জাল করিছে সজ্জিত!
নবীনা নিস্গবালা—নবফুল্লচিত!

(¢)

এমন সময়ে—
সহসা প্রাসাদশিরে পড়িল নয়ন
উদিল প্রিয়ার মূর্ত্তি দৃষ্টির রেখায়!—
বিধিল মরমস্তর!—স্কচারুদর্শন!
অচল চপলা যথা শিখরী-শিখায়!
কাঁপিল হৃদয়-তন্ত্রী,—ভূলিকু আপনা
নির্থি সে রূপ-জ্যোতি,—স্করেশ-বাসনা!

(७)

কুস্থম-সায়রে ঢালি জ্যোৎস্না তরল, বিরলে বিধাতা বুঝি করেছে গঠন বরণীয়া বরবপু!—উন্মেষ কমল রূপের সরসে যথা কাঞ্চন-লাঞ্ছন! অপরূপ রূপবিভা যেন রে বিস্তারি, মর মরতের তলে ত্রিদিব-কুমারী!







(9)

থেলিছে অলকা-গুচ্ছ সায়াহ্ন-পবনে,
নবীনা-নবীন-বক্ষে হেলিয়ে গুলিয়ে!
ঘুরিছে বিলোল নেত্র নিসর্গ গগনে,
অনন্ত স্বরগ রাজ্য যেন রে ভেদিয়ে!
ফুটিয়াছে স্ফুটাধরে শুমধুর হাস,
স্বর্ণ গগনে যথা বিজলী-বিভাগ!

(b)

ত্রিদিব প্রতিমা অই—"আশ্চর্য্য দর্শন!"
অভাগা নয়ন পথে কেনরে উদিল ?
কেন বা অন্তর-গ্রন্থি ইহল শিঞ্জন
অজ্ঞাতে ?—না জানি তায় কি তান বাজিল!
অসীম নিসর্গ রাজ্য পথ পাস্থমন,
কে জানে এখানে কেন হইল বন্ধন!

(৯)

সেই মূর্ত্তি—অমরার অনঙ্গ-মঞ্জরী !—
নির্থিতে মুগ্ধনেত্রে ছিতু কতক্ষণ
হয় না স্মরণ—হায় আপনা পাশরি।
কিছু পরে সে স্থপন হইল ভঞ্জন।
দেখিলাম,—( কি বিভ্রম!)
কাঞ্চন প্রতিমা ধীরে মিশিল কোথায় ?
দশরা-জাহ্নবী-নীরে শৈলবালা প্রায়!







(>0)

দেখিলাম,---

অনন্ত সাগর অঙ্কে দেব দিবাকর
হয়েছেন লুকায়িত !—অনন্ত অন্বরে
অনন্ত নক্ষত্রমালা শোভে থরে থর,—
প্রকৃতি-চিকুর-গুচ্ছ বিভূষিত ক'রে!
তিমির-বসনে চারু শরীর আবরি,
উপনীত রঙ্গালয়ে শর্বরী স্থন্দরী!

কিন্তু হেরি,—শূন্য মম মানস-ভাণ্ডার !
কি যেন গিয়েছে চুরি নারিন্তু বুঝিতে !
স্বভাবের অভিনব সোন্দর্য্য-সম্ভার
ঢালিয়ে দিলাম তায়,—অভাব পূরিতে !
তবুও সে শূন্য স্থান হ'লনা পূরণ !
কে যেন দেখা'লে মোরে জাগ্রতে স্থপন !
(১০)

হৃদয়ের স্তরে স্তরে শিরায় শিরায়
জ্বালিয়ে দিয়েছে যেন প্রচণ্ড অনল।
দহিতেছে প্রতি কক্ষ অনন্ত শিথায়,
উগারি প্রপুঞ্জভন্ম—আগ্নেয় গরল!—
অজ্ঞাতে প্রাসাদ পানে ফিরিল নয়ন,
আবার হেরিতে সেই—" আশ্চর্য্য দর্শন!"





## কি করি?

(5

কি করি ? — শুনিবে জাতঃ ! কি করি এখন ?
কাপাইয়ে নভন্তর,
দিন্ধুকক্ষ, ধরাধর ;
কালের ছুন্দুভি যথা করিছে গর্জ্জন.
তথা ক্ষুদ্র প্রাণী মোরা কি করি এখন ?

কি করি এখন ?—শুনিবে কি ভ্রাতৃবর ? জীব-লীলাময়ী পৃথী জীবের জীবন-কীর্ত্তি সময়-আলেখ্যে যথা দিতেছে দর্শন,

তথা ক্ষুদ্র প্রাণী মোরা কি করি এখন ? ৩)

কি করি এখন ?—কিরূপে বলিব ভাতঃ !—
প্রকৃতির রঙ্গভূমে
আছি মত্ত কোন ধুমে ?—
শুনিলে কাঁদিবে হুদি ! ঝরিবে নয়ন !
কি শুনিবে ?—কি বলিব ?—কি করি এখন ?
(৪)

ভাষার হৃদয়-কোষে নাই সে সম্বল !—

কি করি ?—এ পাপ কথা,

হৃদির জ্বলন্ত ব্যথা,





অক্ষরে অক্ষরে লিখি করি প্রদর্শন ! কি আর শুনিবে ভ্রাতঃ ! কি করি এখন ? (৫)

'আর্য্য'—প্রমাদ জল্পনা,—উন্মাদ স্থপন !
কল্পনার তুলিকায়
চিত্রিবারে কেবা চায়
ভুজঙ্গ-কুগুল-গত কাঞ্চন কমল ?
রাহুর কবলে শশী ?—দগ্ধ স্মৃতিস্থল ?
(৬)

প্রকৃতির পুরাব্বত্তে যে নাম-প্রতিভা বৈছ্যুতিক বর্ণচয়ে আসিত চিত্রিত হয়ে, পড়েছে কালিমা তথা—নরকের মসী! গরলের কুণ্ডগত পূর্ণিমার শশী!

আর্য্যাবর্ত্তে—আর্য্যনাম স্বপ্ন-বিভীষিকা। যাহাদের কীর্ত্তি-জ্যোতি, আলোকিত বস্তমতী; বীর-বীর্যো সিন্ধু, অদ্রি হ'ত কম্পবান, কি রূপে বলিব মোরা সে আর্য্য-সন্তান ?

(৮) আর্য্যের সন্তান—রঘুকুল-ধুরন্ধর ;—







দশাস্থ নিপাত হেতু,
সিন্ধুবক্ষে বাঁধি সেতু,
নাশিলা ত্রিদিব-ত্রাস কর্ব্বুরনিকরে,
বাল্মীকি-বীণায় যেই অমিয় সঞ্চরে!
(১)

ভারতে ভারত-যুদ্ধ স্থবর্ণ অক্ষরে
গ্রথিত ;—কোরব-কীর্ত্তি,—
আজিও ঘোষিছে পৃথী!
—কবিকুলরবি ব্যাস রচক যাহার,
লেখক গজেন্দ্রমুখ—গিরিজা-কুমার।
(১০)

শ্বৃতির অর্গল ভ্রাতঃ ! খুলি একবার

দেখ তেজঃপুঞ্জ রামে

বাঁকায়ে কার্ম্মুক বামে

অটল !—সাগরতীরে ! — অচল সমান !

(পুরিত গগনকক্ষ অগণিত বাণ !)

শাণিত পরশু হস্তে বীর ভৃগুরাম

অই যে সম্মুখে তব ;

বুদ্মতেজ-সমুদ্ধব ;
বিহ্যুত-বিভাস অক্ষি—কালান্ত অনল !
ভীম বীর্য্যে বীর্শুন্য করিছে ভূতল !

(55)





(52)

অই কুরুক্ষেত্র,—অই জাহ্নবী-কুমার—
শায়ক-শয়ন-তলে
শায়িত !—পবিত্র জলে
করিছেন ভোগবতী তুল্কি-নিস্বন ।
হতেছে ত্রিদশ পুরে তুল্কুভি-নিস্বন ।
(১৩)

অই উজ্জিয়িনী,—অই বিক্রম রাজন ! অই নবরত্ন তাঁর তারতের রত্নহার!

হৈমকণ্ঠে হইতেছে বিহ্যাত-ক্ষুরণ। কালের কলঙ্কে তাহা হবেকি গোপন ? (১ঃ)

স্থবিস্তৃত নভোরাজ্য তন্ম তন্ম করি,
আই আর্য্যভট্ট ধীর,
গ্রহ উপগ্রহ স্থির
করি: করিছেন তার গতি নিরূপণ;

কার; কারছেন ভার গাভ নির্মাণন , ভারত — জ্যোতিষ, শিল্প, বিজ্ঞান কারণ। (১৫)

জানকীর অগ্নিশুদ্ধি—সাবিত্রী-চরিত,—

— ( মৃত-পতি জীবদান ! )

স্বর্ণাক্ষরে বিদ্যমান বিশ্বের বিচিত্র গ্রন্থে !—কর বিলোকন আর কি শুনিবে আজি ? মোরা কি করি এখন ?





(56)

কি করি এখন ? — দশ্ধ মরমের দ্বার
খুলে কি দেখাব আর ?
— স্থালন্ত কলঙ্ক ভার !—
কলুষ পিশাচকুল বীভৎস নর্ত্তন !
কি আর শুনিবে ভ্রাতঃ ! কি করি এখন ?
(১৭)

আর্থ্যের সন্তান এবে নরকের জীব!
বিলোপিত জ্ঞান, ধর্ম
লুপ্ত আর্থ্যোচিত কর্ম!
দাসত্বের প্রিয় শিষ্য আর্থ্যের নন্দন!
পেটিকা-নিবদ্ধ অহি — বিধি বিভূম্বন!
(১৮)

বাঁদের তুন্দুভি নাদে কাঁপিত ভ্ধর!—
নদ নদী পারাবার,
কাঁপিত অমরাদার!
কেরু-ডাকে ধরি তারা বধূর অঞ্চল
(হাধিক্! বলিতে লজ্জা!) ভয়েতে বিহলল!

(55)

শৃঙ্খলিত দাসত্ত্বের আয়স শৃঙ্খলে ভারত-কুমারগণ! নিত্য নব সম্ভাষণ





বিধর্মী পাত্নকাসনে ! — জীবন সম্বল, বিস্কুট, বিয়ার, বিফ্, ব্রাণ্ডির বোতল ! (২০)

, কি করি এখন ?—কি আর শুনিবে ভ্রাতঃ।
লক্ষ্মী, বাণী নাই ঘরে,
রয়েছি জীয়ন্তে মরে'!
হৃদয়ের স্তরে স্তরে জ্বলিছে জ্বল ;
"কি করি ?"—দেখিছি সদা জাগ্রতে স্থপন!



জি, সি, বস্থ এও কোংর কলিকাতা বহু-বাজারস্থ ৩০৯ সংখ্যক ভবনে বস্থ প্রেসে মুক্তিত।



